# বাংলাদেশে অমুসলিম মিশনারীদের তৎপরতা

আলহাজ্ব এ,বি,এম নূরুল ইসলাম

# বাংলাদেশে অমুসলিম মিশনারীদের তৎপরতা

আলহাজ্জ এ, বি, এম নূরুল ইসলাম

প্রকাশনায়ঃ
কাউন্সিল ফর ইসলামিক সোসিও
কালচারাল অর্গানাইজেশান্স

www.pathagar.com

প্রকাশনায় ঃ
কাউন্সিল ফর ইসলামিক সোসিও কালচারাল অর্গানাইজেশান্স (সিসকো)

প্রাপ্তিস্থান ঃ
বিশ্ব ইসলাম মিশন কোরআনী সুন্নী
১২৫, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা-৫
ফোন ঃ ৩১০৪৩০, ৩১৯২৮৫, ২৮০৪৪১

প্রকাশকাল ঃ ২৮শে জানুয়ারী '৮৫

সর্বস্বত্ব ঃ প্রকাশকের

মূল্য ঃ দশ টাকা মাত্র

মুদ্রণে ঃ শব্দ শিল্প কেন্দ্র
২৩৫, শান্তিবাগ
ঢাকা-১৭

www.pathagar.com

# উৎসর্গ

আমার ওয়ালেদ
মরহুম আলহাজ্ব আবদুস সাত্তার
সাহেবের স্মরণে

www.pathagar.com

# Bangladesha Omuslim Missionarider Tatparata

**BY**

AL-HAZ A. B. M. NURUL ISLAM

A BROCHURE

ON

THE ACTIVITIES OF NON-MUSLIM MISSIONARIES IN BANGLADESH

www.pathagar.com

# FOREWARD

In Bangladesh, every one has the right to Profess, Practise and propagate his own religious belief and ideals. But the most unfortunate aspect is that considerable number of innocent Muslims, are falling victims to the designs of the so-called Christian Missions and Missioneries. We must be alert that in the guise of humanitarian service and charities, our religion, ideology and culture should not be allowed to be put in jeopardy.

This book is a painstaking and laudable attempt in focussing public attention to a problem which has been agitating the minds of the people for long.

The author, a senior and distinguished Advocate of the Supreme Court of Bangladesh has undertaken a commendable task with a missionary zeal to undo the non-missionary activities of the so-called missionaries.

I wish him all success in his noble endevour.

(Justice Abdur Rahman Chowdhury)
EX-Jdgue of the
Supereme Court of Bangladesh

www.pathagar.com

# PREFACE

Since 1857 the activities of Non-Muslim Missionaries in this Sub-Continent were started in this or that form with a view to expanding Christianism. After capturing the political power of India by the British Government it concentrated its aetivities for consolidation of their political dominion and economic exploitation. This position continued till 1947 when this [Sub-Continent was divided into two independent sovereign states namely India and Pakistan. After 1947 foreign missoinaries expanded their activities both in India and in Pakistan but their activities were limited and were confined to humanitarian services. On 16th December, 1971 a new nation namely People's Republic of Bangladesh was born as an independent sovereign state with hungry faces and disrupted communications. Because of long struggle for independence and liberation of Bangladesh wounds were inflicted at every sphere of life. The whole nation was put into an enormons problems. People required food, treatment, clothings, reconstruction of roads, calverts, bridges, educational and religious institutions. Christian Missionaries took the opportunity of such an unique situation. Large number of foreign missionaries from Canada, Sweden Ireland, Netherland, Australia, Great Britain, America rushed on the soil of Bangladesh on the plea to help the people in such condition of distress. The then Government of Bangladesh probably in good faith and out of necessity welcomed them and encouraged their offer of help, assistance and co-operation.

www.pathagar.com

But the Government failed to understand the real motive of those missionaries. In December, 1971 there were hardly 25 to 30 foreign missioneries in Bangladesh while the present number of those missioneries in Bangladesh will be nearly 200.

In this Book which is the first of its kind attempts has been made to show how on the plea of humanitarian services, the missioneries have been working for expansion of christianity by converting our people and motivating them to a new system of life opposed to Islamic way of life. Their activities are not only confined to establishing and maintaining educational and charitable institutions but also in the fields of agriculture, horticulture, irrigation, etc. If we combine together the activities of the foreign missionaries in Bangladesh and look at the total budget of those missionaries it will be seen that they are spending very big amount in the aforesaid fields of their activities. No body can say the exact amount spent by them and the sources from which they receive the money. However, if the missionaries spent those amount without any motive for humanitarian and charitable purposes our people would not have objected to it but as the entire scheme of the missionaries is motivation towards christianity we cannot shut our eyes to their easy going activities.

The Missionaries belive in slow poisioning. At the first instance they will never ask for conversion or accepting christianity. Motivation is the first target. For this purpose the mode of activities are well planned. Few examples are set below :—

www.pathagar.com

I) A number of missionaries have been maintaining Feeding Centre for providing cooked food to the poor and distressed. In the Holy month of Ramadan they use to distribute cooked food in the day time. Nobody can take the food from the Centre. Persons attending the Centre for food must have to eat the same at the Centre. Thus, in a very planned and methodical way they are interfering with the fundamental principles of Islam which prohibits eating food by all adult Muslims during day time in the month of Ramadan.

II) In many Rehabilitation Camps missionaries have provided toilets for the inhabitants of the Camps. Those toilets have been constructed east facing keeping the Kaaba and Kebla on the back side. The Muslims all over the world, as a mark of respect avoid Kebla facing toilets and urinals.

III) The missionaries have been maintaining dozens of medical institutions like hospitals and charitable dispensaries. Those institutions are mostly manned by christian staffs. On the first day of distribution of medicine or giving teratment the patient is advised to use the medicine in the name of Allah. The patient accordingly uses the medicine in the name of Allah but with no result; Then on the second occasion the patient is said "you have taken the medicine in the name of your Allah but you have not been benefited, this time you use the medicine in the name of Sree Krishna, Hindu Goddes; The patient accordingly uses medicine in the name of Sree Krishna but this time also with no result, On the third occasion when a patient comes to the Missionary Hospital or out door dispensary with frustration he is said by the doctor in charge "you have used the medicine in the name of your Allah, again in the name of Sree Krishna but unfortunately

www.pathagar.com

they have not helped you in curing your disease, however, this time you use this medicine in the name of Jesus Christ and try your luck. This time pure medicine is given. The patient accordingly takes medicine in the name of Jesus Christ. This time the patient gets real benefit of the medicine and becomes cured. Thereafter the patient goes to the doctor to report his recovery. The doctor. then says, "you have seen the comparative power of your Allah, Sree Krishna and Jesus Christ, the former two could not help you but Jesus Christ has saved you because he is the only saviour of mankind. In this way Faith of Muslims are being destroyed. The real sacrecy was not in uttering names of Allah, Sree Krishan or Jesus Christ but in the fact that on first and second occasion genuine medicines were not given but on the last occasion real medicine was given and as such the patient got the result of the medicine.

IV) In the missionary institutions and establishments large number of young girls and ladies of different Faiths have been working. They are directed to wear dress which is not approved by Islam for ladies.

V) In many hospitals and clinics run by the missionaries arrangement has been made in such a way that for the lady patients male doctors and for the male patients lady doctors are being assigned. This has been done intentionally and wilfully.

VI) In North Bengal house to house small roads by earth-works are being done by missionaries. For that road construction work Muslim women are being dragged on pay-

www.pathagar.com

ment of cash remuneration and old garments. In this way the pardaneshin Muslim women are made to work openly with male members of different Faiths.

VII) A new kind of converts are being encouraged by the missionaries. This is called "Isa-e Muslim." They are allowed to wear Tupi, Pagri, Paijama, Panjabi i. e. all kind of dress used by the Muslims. They do not require to change their Muslim names. The main condition for them is to attend the Church once in a week for making special prayer to Jesus Christ. Naturally, after doing so for some time a Muslim whatever dress he may use or wear, cannot remain a true Muslim.

VIII) The missionaries have been running large number of eductional instiutions. Those institutions are in no way under the control and supervision of our Government nor they follow any syllabus or curricula prescribed by any of our education board or authorities. They have been following their own syllabus and curricula. Good number of Muslim boysand girls attend those educational institutions. At the beginning of the life the young Muslim boys and girls are being tought about Jesus Christ as the son of Allah and as the Saviour of maukind which are absolutely false and lies keeping them in dark about our own religion, Faith and Prophet.

IX) A good number of institutions run by the missionaries have been named after great Muslim personalities, say for instance two hospitals run by the missionaries in the district of Jessore have been named as Fatema Hospital and two

www.pathagar.com

other hospitals one at Jalchatra in Tangail district another at Mymensingh have been named as Mariam Hospital. The names of Fatema, beloved daughter of our great Prophet and Saint Mariam have been used to mislead the ordinary Muslims.

X) In recent times the missionaries printing Engil and Bible as "Engil Sharif" and "Bible Sharif." The illiterate or half educated sincere Muslims are misled by this. In our sub-continent "Sharif" co-notes place or document of great respect say for instance Makkah Sharif, Medina Sharif, Quran Sharif, Hadith Sharif etc.

XI) In some hilly areas the Garos and Santals have been enjoying right of production of Alkohol for their consumption. In recent years the missionaries in those places have been purchasing the locally produced wines and Alkohol at a higher rate from the local producers (Garos and Santals) for distributing those free of cost amongst Muslim boys and girls for demoralizing them.

XII) In many areas the missionaries have been purchasing large quantity of agricultural lands comparatively at a higher price than the existing market price. Later on, they distribute those lands to the new converts to christianity. This alurement has made many Muslims to accept christianity.

XIII) This is on record that after Liberation the then the Government of Bangladesh allowed under an Ordinance the missionaries to take abandoned children out of Bangladesh for food, education, etc. but it has been seen that most of the

www.pathagar.com

children taken from Bangladesh by the missionaries have been sold to different brothels in different cities of South.East Asia for immoral purposes. This has compelled our present Government to repeal the said Ordinance by the Martial Law Regulations.

These are the few matters amongst others which have been discussed in this book to show to our readers how the missionaries have been demoralizing our people by cuttiug the very root of our Faith through various methods with an ulterior motive of conversion to christianity on the plea of rendering social, humanitarian and charitable services.

For preparing this Book, I have received datas and materials from the Muballeagues of CISCO and the Branches of World Islam Mission Qurani-Sunni. I express my gratituade to them. There are faults, errors and omissions which will be corrected Insha-Allah in the next Edition. I will have no objection if any Muslim Embassy or any registered/recognized, International or National Islamic Organization translates this Book in Arabic/Urdu/Persian/English languages and print the same.

Al-haj A. B. M. Nurul Islam
*Secretary General*
*CISCO*
*General Secretary*
*World Islam Mission Qurani Sunni*

www.pathagar.com

# ভূমিকা

ক্ষণস্থায়ী জীবনের তৃতীয় অধ্যায়ে অথবা শেষ অধ্যায়ে যে সমস্যাটি সর্বক্ষণ আমাকে পীড়া দিচ্ছে সেটা হলো বাংলাদেশের অবস্থাও কি আগামী দিনে লেবানন কিংবা ফিলিপাইনের ইরিত্রা হতে যাচ্ছে? পাঠক-পাঠিকাগণ নিশ্চয়ই অবগত আছেন যে, কয়েক বছর আগেও ঐ সমস্ত দেশে মুসলমানরা সংখ্যা গরিষ্ঠ ছিল। ক্রমাগত খৃষ্ট মিশনারী-দের হীন তৎপরতার ফলে ঐ সব দেশে মুসলমানরা এখন সংখ্যালঘিষ্ঠ সম্প্রাদায়ে পরিণত হয়েছে।

জীবনের প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে, অর্থাৎ ছাত্রজীবন ও রাজনৈতিক জীবনে এ সম্বন্ধে তলিয়ে চিন্তা করার অবকাশ আমার ঘটেনি। ১৯৭৮ সালে বিশ্ব ইসলাম মিশন কোরআনী সুন্নী-র এবং ১৯৭৯ সালে সিসকোর (কাউন্সিল ফর ইসলামিক সোসিও কালচারাল অর্গানাইজে-শান্স) দায়িত্ব ভার গ্রহণ করার পর বাংলাদেশের বিভিন্ন অঞ্চল বিশেষ করে দিনাজপুরের সাঁওতাল, ময়মনসিংহের গারো, পার্বত্য চট্টগ্রামের চাকমা, ফরিদপুর, বরিশাল, যশোহরের হিন্দু তপসিলী সম্প্রদায় অধ্যুষিত এলাকা ব্যাপক ভ্রমণ করে আমি অত্যন্ত আতংকিত হয়ে পড়ি।

ঐ সমস্ত এলাকায় বিদেশী মিশনারীরা যে দুরভিসন্ধিমূলক কর্মকান্ড চালাচ্ছে অনতি বিলম্বে তা প্রতিরোধ করা না হলে এমন এক দিন আসবে যখন দেশের রাজদন্ড হয়তো তাদের হাতে চলে যাবে। এ বিষয়ে আমি বাংলাদেশের বিভিন্ন স্থানে, সমাবেশে, জাতীয় সংবাদ পত্রে বিবৃতির মাধ্যমে সরকার ও ধর্মপ্রাণ মুসলমানদেরকে সতর্ক করে দিয়েছি বহুবার। দুঃখের বিষয় সরকারীভাবে আজ পর্যন্ত বাস্তব কোন পদক্ষেপ নেয়া হয় নি।

বাংলাদেশে মিশনারীদের কার্যকলাপ সম্বন্ধে বিস্তারিত কোন তথ্য কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কিংবা ব্যক্তির কাছে পাওয়া যায়

www.pathagar.com

বলে আমার জানা নেই। এ কারণেই ইসলামীক ফাউন্ডেশনের প্রকাশনা উপদেষ্টা কমিটির সিদ্ধান্ত ক্রমে আমাকে এ বিষয়ে একখানা পুস্তক প্রণয়নের জন্য অনুরোধ করা হয়। বিষয়টি অত্যন্ত জটিল এবং কষ্ট-সাধ্য। কারণ অধিকাংশ মিশনের অধিকাংশ কার্যকলাপই অত্যন্ত গোপনীয় বিধায় তাদের কার্যকলাপ সম্বন্ধে তথ্য সংগ্রহ করা খুবই কঠিন। তা সত্ত্বেও আমাকে দায়িত্ব পালনের উদ্দেশ্যে নিজের ব্যক্তিগত প্রয়াস ছাড়াও অনেকের সাহায্য ও সহযোগিতা নিতে হয়েছে। বিশ্ব ইসলাম মিশনের বিভিন্ন শাখা এবং সিসকো কর্তৃক নিয়োজিত বিভিন্ন মোবাল্লীগের দেয়া তথ্য আমাকে যথেষ্ট সাহায্য করেছে।

এ ক্ষুদ্র গ্রন্থকখানা সম্পাদনার দায়িত্ব নিয়ে একজন তরুণ সাংবাদিক, স্নেহ ভাজন বি, এ,এম, আলী রেজা আমাকে পুস্তকটি রচনার ব্যাপারে সব চেয়ে বেশী সাহায্য করেছে। তার সাহায্য ও সহযোগিতা ছাড়া এতো অল্প সময়ে হয়তো এ পুস্তকখানা সমাপ্ত করা সম্ভব হতো না।

পরিশেষে ভুল-ত্রুটির জন্য পাঠক-পাঠিকাদের কাছে ক্ষমা চাই। এ বই পড়ার পর যদি কোন সহৃদয় পাঠক-পাঠিকা এবিষয়ে আমাকে আরও তথ্য দিতে পারেন তাহলে উহা নিশ্চয়ই পরবর্তী সংকলনে সংযোজন করা হবে।

খোদা হাফেজ

**এ, বি, এম, নুরুল ইসলাম**
মহা সচিব,
সিসকো।
সাধারণ সম্পাদক
বিশ্ব ইসলাম মিশন কোরআনী সমিতি।

www.pathagar.com

# প্রথম অধ্যায়

পলাশীর প্রান্তরে বাংলা-বিহার-উড়িষ্যার নবাব সিরাজ-উদ-দৌলার পতনের সাথে সাথে বাংলাদেশে বিদেশী মিশনারীদের অশুভ তৎপরতা শুরু হয়। ১৯৪৭ সন পর্যন্ত সে তৎপরতা গোপনে ও সতর্কতার সঙ্গে চালানো হতো। সে সময়ে যে সমস্ত বিদেশী মিশনারী বা নাগরিক এদেশে কাজ করতো তাদের মুখ্য উদ্দেশ্য ছিল (১) শিক্ষা, সংস্কৃতি, কৃষ্টি ইত্যাদি প্রচারের মাধ্যমে ঔপনিবেশিক শাসন দীর্ঘায়িত করা। (২) এদেশের অফুরন্ত ধন-সম্পদ লুটে নেয়া। (৩) এদেশের সংখ্যা গরিষ্ঠ হিন্দু মুসলমানদের পাশাপাশি খৃষ্টধর্মের এক বলিষ্ঠ জনগোষ্ঠী গড়ে তোলা।

১৯৪৭ সনে পাক-ভারত বিভক্তির পর পাশ্চাত্য শক্তি সমূহ দুঃস্থ মানবতার সেবার নামে বিভিন্ন মিশনারী প্রতিষ্ঠানকে এদেশে পাঠাতে শুরু করে। এই সমস্ত মিশনারীরা মূলতঃ অনুন্নত ও অমুসলিম এলাকা সমূহে আখড়া স্থাপন করে, যেমন পার্বত্য চট্টগ্রামের চাকমা, মগ, পাঙ্খোয়া, বম, টিপরা, ময়মনসিংহের (সাবেক) গারো, হাজং, হদি, রাজবংশী, বানাই, ঢালু, কোচ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া জেলার সাঁওতাল, ওরাও, রাজবংশী, সিলেট জেলার খাসিয়া, পাঙন ও মনিপুরী উপজাতি সমূহ এবং ফরিদপুর, বরিশাল, খুলনা, যশোহর জেলার হিন্দু ধর্মের তফশিলী সম্প্রদায়ের মধ্যে কাজ শুরু করে। ঐ সমস্ত এলাকাতে মিশনারীরা বহু গীর্জা, শিক্ষা প্রতিষ্ঠান, দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করে। এইসব সেবামূলক কাজের মাধ্যমে অনুন্নত এলাকার অশিক্ষিত ও অবহেলিত অমুসলিমদের অজ্ঞতা ও আর্থিক অনটনের সুযোগ নিয়ে বহু লোককে খৃষ্টান ধর্মে দীক্ষিত করতে সমর্থ হয়।

সরকারী পরিসংখ্যান থেকে দেখা যায়, ১৯৫১ সনে বাংলাদেশে খৃষ্টানদের সংখ্যা ছিল এক লক্ষ সাত হাজার, ১৯৬১ সনে উক্ত সংখ্যা বেড়ে একলক্ষ উনপঞ্চাশ হাজারে দাঁড়ায়, ১৯৭৪ সনে ওদের সংখ্যা দুই লক্ষ ষোল হাজারে উন্নীত হয়। রাজশাহী বিভাগে ১৯৫২ সনে মোট খৃষ্টানদের

www.pathagar.com

সংখ্যা ছিল এগারো হাজার ছয়শত পঁয়তাল্লিশ, ১৯৭৪ সনে উক্ত সংখ্যা পঞ্চাশ হাজার চারশত আটাশিতে দাঁড়ায়। চট্টগ্রাম বিভাগে ১৯৫১ সনে খৃষ্টানদের সংখ্যা ছিল বারো হাজার তিনশত পঞ্চান্ন, ১৯৭৪ সালে উক্ত সংখ্যা আটাশ হাজার আটশত আটানব্বইতে দাঁড়ায়।

বাংলাদেশ স্বাধীন হওয়ার অব্যবহিত পরে ১৯৭৪ সনে এদেশে খৃষ্টানদের সংখ্যা ছিল দুই লক্ষ ষোল হাজার অর্থাৎ ১৯৫১ থেকে ১৯৭৪ এই তেইশ বছরে এক লক্ষ নয় হাজার অতিরিক্ত খৃষ্টানের আবির্ভাব ঘটে। ঐ সময় বাংলাদেশের জনসংখ্যা ৭০% বর্ধিত হয়। কিন্তু যে খৃষ্টান জনগণ যৌবনের প্রথম পর্যায় থেকে পরিবার পরিকল্পনা পদ্ধতিতে অভ্যস্ত তাদের জনসংখ্যা বৃদ্ধির হার ১০৩%। ১৯৮১ সনে বাংলাদেশে খৃষ্টানদের জনসংখ্যা বেড়ে দুই লক্ষ পচাত্তর হাজারে দাঁড়ায়। অর্থাৎ ১৯৭৪ থেকে ১৯৮১ এই সাত বছরে খৃষ্টান জনসংখ্যা ষাট হাজার বেড়ে যায় এবং এই বৃদ্ধির হার ২৮%। পাঠকগণ নিশ্চয়ই জানতে আগ্রহী এই অস্বাভাবিক জনসংখ্যা (খৃষ্টান) বৃদ্ধি কিভাবে হলো। জন্মহার অতিরিক্ত হওয়াতে না অন্য কোন উপায়ে? উত্তর সুস্পষ্ট। জন্মহার বৃদ্ধির কারণে নয়— অন্যান্য ধর্মের জনগণকে ধর্মান্তরিত করে উক্ত সংখ্যা বৃদ্ধি পায়। এখানে একটা কথা স্মরণ করা যেতে পারে যে, নির্দেশ বা উপদেশ মোতাবেক অন্য ধর্ম হতে যাদের খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হয় তাদের অধিকাংশই জনসমক্ষে ওটা প্রকাশ করে না বা নূতন নাম গ্রহণ করে না। ফলে সরকারী রিপোর্ট অনুযায়ী খৃষ্টানদের যে সংখ্যা উপরে দেখানো হলো, প্রকৃতপক্ষে উক্ত সংখ্যা আরও অনেকগুণ বেশী। ১৯৮১ সনের আদম শুমারীর রিপোর্টে দুই লক্ষ পঞ্চাশ হাজার লোকের ধর্ম সম্পর্কে কিছুই বলা হয় নাই; উহাদের অধিকাংশই নবদীক্ষিত খৃষ্টান। ১৯৮১ সন থেকে ১৯৮৪ সনের আগষ্ট সময়ের মধ্যেও বহু লোককে কৌশলে খৃষ্টান করা হয়েছে। এইসব মিলে আমাদের হিসাব মতে বর্তমানে বাংলাদেশে সর্বমোট খৃষ্টানদের সংখ্যা ছয় লক্ষেরও অধিক। সরকারের অনেক গুরুত্বপূর্ণ পদে অনেক খৃষ্টান কর্মকর্তা নিয়োজিত আছে। নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা একজন খৃষ্টান।

বাংলাদেশে বহু নবদীক্ষিত খৃষ্টান আছে যারা রীতিমতো দাঁড়ি রেখে, পায়জামা পাঞ্জাবী পরে ইসলামী আকিদায় চলাফেরা করেন

www.pathagar.com

প্রয়োজন বোধে টুপিও মাথায় দেন। সমাজে তারা ঈসায়ী মুসলমান নামে পরিচিত। কিন্তু খৃষ্টান মিশনারীদের কাছে তারা সম্পূর্ণ খৃষ্টান হিসাবে পরিচিত। তাদের নিয়মিত বাইবেল শিক্ষা দেয়া হয়। প্রতি রোববার নিয়মিত গীর্জায় উপস্থিত হয়ে পাদ্রীর নেতৃত্বে যীশু খৃষ্টের উপাসনা করেন। মানিকগঞ্জ শহরের কাছে এবং বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে এই ধরনের ঈসায়ী মুসলমানদের সংখ্যা দ্রুত বেড়ে চলছে। এদের সংখ্যাও কয়েক হাজার হবে।

খৃষ্টান জনসংখ্যা কি হারে বাংলাদেশে বেড়ে চলছে তা জানা যাবে প্রতি রোববার বাংলাদেশের বিভিন্ন স্থানে খৃষ্টান মিশনারীদের গীর্জা সমূহে উপস্থিতির সংখ্যা থেকে। ঢাকার সবচেয়ে পুরাতন গীর্জা হলি রোজারিও। ১৮৭৭ সনে পর্তুগীজ ব্যবসায়ীগণ ঢাকায় ফার্মগেটের নিকট এই গীর্জা স্থাপন করেন। ১৯৫২ সনে উক্ত গীর্জায় একশত তিপ্পান্ন জন খৃষ্টান উপস্থিত হয়েছিল। ১৯৭৬ সনে উক্ত সংখ্যা বেড়ে তিন হাজারে দাঁড়ায়, ১৯৮৩ সনে উক্ত সংখ্যা ছয় হাজারে উন্নীত হয়। বর্তমানে বাংলাদেশে এক শতেরও অধিক মিশনারী কাজ করছে। এই সমস্ত মিশনারীদের প্রধান কার্যালয় আমেরিকা, সুইডেন, বৃটেন, অষ্ট্রেলিয়া, ডেনমার্ক, নেদারল্যান্ড, জাপান, ভারত, নিউজিল্যান্ড, কানাডা, আয়ারল্যান্ড ও সুইজারল্যান্ডে অবস্থিত। পাঠকদের অবগতির জন্যে পুস্তকের শেষ অধ্যায়ে বাংলাদেশে কর্মরত বিভিন্ন মিশনারীদের একটা তালিকা সন্নিবেশিত হয়েছে।

সব কাজেরই কিছু নিয়ম ও পদ্ধতি আছে। যারা সেই নিয়ম ও পদ্ধতি অনুযায়ী কাজ করে তাদের উদ্দেশ্য কম বেশী সফল হয়ই। পাঠকগণ নিশ্চয়ই লক্ষ্য করবেন যে, বিদেশী মিশনারীরা এই নিয়ম পদ্ধতির ব্যাপারে অত্যন্ত যত্নবান। তারা বোকার মতো কাউকে প্রথম পরিচয়েই খৃষ্ট ধর্ম গ্রহণের আহবান জানায় না। তাদের কর্মকান্ড দ্বারা উপকৃত ব্যক্তিটি বা ব্যক্তিগণ বাধ্য হয়ে নিজ ধর্ম ও ঈমানকে বিসর্জন দিয়ে পার্থিব ও ক্ষণস্থায়ী সুযোগ-সুবিধার বিনিময়ে খৃষ্টান ধর্মে দীক্ষা নেন। বিদেশী মিশনারীরা বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে কয়েকশত

www.pathagar.com

লাইব্রেরী হতে খৃষ্টবাদের উপর বহু পুস্তক পুস্তিকা বিনা মূল্যে বিতরণ করে যাচ্ছে। বিভিন্ন শহর ও গ্রামাঞ্চলে কয়েকশত শিক্ষা প্রতিষ্ঠান খৃষ্টান মিশনারী দ্বারা পরিচালিত হচ্ছে।

বাংলাদেশের সর্ববৃহৎ প্রাইমারী স্কুল ডেমরার নিকট ছনপাড়া বাস্তুহারা ক্যাম্পে ওয়াল্ড ভিশন নামক বিদেশী মিশনারী কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছে। এই স্কুলে প্রায় ছয়শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। চিকিৎসার জন্যে দেশের বিভিন্ন স্থানে মিশনারীরা যথেষ্ট পরিমাণে দাতব্য চিকিৎসালয় ও পূর্ণাঙ্গ হাসপাতাল স্থাপন করেছে। ঐ সমস্ত হাসপাতালে যোগ্যতা-সম্পন্ন চিকিৎসক ও আধুনিক যন্ত্রপাতি এবং অস্ত্রপ্রচারের ব্যবস্থা করেছে। সুপরিকল্পিতভাবে গরীব ও অশিক্ষিত কৃষকদের মাঝে বিনা সুদে ঋণ, বিনা মূল্যে কৃষি সরঞ্জাম ও খাদ্য সামগ্রী দেয়া হচ্ছে। উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চলে অনুন্নত গ্রামসমূহে ছোট ছোট রাস্তা, বাঁধ, নর্দমা, কাঠের পুল তৈরী করে দিয়ে বিদেশী মিশনারীরা ঐসমস্ত অঞ্চলের জনগণের আস্থা কুড়াতে সক্ষম হয়েছে। মধুপুর উপজেলার (টাঙ্গাইল) সরনখোলা ইউনিয়নের জলছত্র গ্রামে মরিয়ম খৃষ্ট হাসপাতাল নামে ৩০ শয্যার একটি হাসপাতাল এবং ঐ অঞ্চলে ২৭টি গীর্জা স্থাপন করেছে। ঐ এলাকার অধিকাংশ জনগণ গারো। তাদের দেশী মদ তৈরীর অনুমতি আছে। স্থানীয় মিশনারীরা উক্ত মদ চড়া দামে কিনে স্থানীয় যুবক যুবতীদের মাঝে বিনামূল্যে বিতরণ করে থাকে। এই অঞ্চলের জনসংখ্যার ৭০ ভাগ খৃষ্টান। উহার অধিকাংশই খৃষ্টান মিশনারী কর্তৃক দীক্ষিত। মিশনারী কর্তৃক স্থানীয় গরীব লোকদের নিকট থেকে চড়া মূল্যে জমি ক্রয় করে গড়ে উক্ত জমি নবদীক্ষিত খৃষ্টানদের মাঝে বিনামূল্যে বিতরণ করে থাকে।

নেত্রকোনা জেলার বিরিশিরিতে মিশনারী কর্তৃক দুটি উচ্চ বিদ্যালয় (বালক ও বালিকা) ব্রড ব্যাংক ডিসপেনসারী নামক একটি চিকিৎসালয় রয়েছে। উক্ত স্কুল দুটিতে প্রায় ৮০০ শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। শতকরা ৭৫ জন ছাত্র-ছাত্রীই দীক্ষিত খৃষ্টান।

রাজশাহীতে একটি রহস্যজনক ক্যাথলিক মিশন কাজ করছে। রাজশাহী শহর থেকে মাত্র ৬ মাইল দূরে প্রতিষ্ঠিত এই মিশনটি চারিদিকে আটফিট উঁচু প্রাচীর বেষ্টিত। বিভিন্ন এলাকা থেকে ছোট ছোট ছেলে

www.pathagar.com

মেয়ে কুড়িয়ে এনে এখানে রাখা হয়। সন্দেহ করা হচ্ছে উক্ত প্রাচীর বেষ্টনীর অভ্যন্তরে ধর্ম ও সমাজ বিরোধী অনৈসলামিক কাজকর্ম চালানো হচ্ছে। উক্ত স্থানটি জারজ সন্তানদের বসবাসের জন্যে এবং এই সব সন্তানদের পরবর্তীকালে অপকর্মে লিপ্ত করার জন্যে তৈরী করা হচ্ছে।

রংপুর দিনাজপুর পুনর্বাসন সংস্থা নামক একটা খৃষ্টান মিশনারী স্থানীয়ভাবে রাস্তাঘাট নির্মাণ করে দিচ্ছে। মিসেস গিলরাজ নামক একজন দীক্ষিত খৃষ্টান মহিলার তত্ত্বাবধানে ঐস্থানে একটা আধুনিক হাসপাতাল চালানো হচ্ছে।

বাংলা স্বাধীন হবার পর তদানিন্তন সরকারের অনুমতিক্রমে এদেশের কয়েক হাজার শিশুকে বিভিন্ন বিদেশী মিশনারী বাংলাদেশের বাইরে নিয়ে যায়। বিভিন্ন রিপোর্টে জানা যায় যে, পরবর্তীতে ঐসব শিশুদেরকে ব্যাংকক, সিঙ্গাপুর, হংকং ইত্যাদি দেশের বিভিন্ন পতিতালয়ে বিক্রি করে দেয়া হয়েছে। সম্ভবতঃ এই দুর্ভাগ্যজনক অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমান সরকার ১৯৮২ সনের ৫ নং অর্ডিন্যান্স জারী করতে বাধ্য হন। এই অর্ডিন্যান্সের দ্বারা ১৯৭২ সনের এবানডন্ড চিলড্রেন অর্ডার (পিও নং ১২৪/১৯৭২) বাতিল ঘোষণা করা হয়। প্রকাশ থাকে যে, উক্ত (পি ও নং ১২৪/১৯৭২) দ্বারা বাংলাদেশী প্রত্যাখ্যাত শিশুদেরকে বিদেশী মিশনারীরা লালন পালনের উদ্দেশ্যে দেশের বাইরে নিয়ে যাবার অনুমতি পেয়েছিল।

পরবর্তী পর্যায়ে দেখা যায় যে, যে সমস্ত শিশুকে দেশের বাইরে নিয়ে যাওয়া হয়েছিল তাদের অধিকাংশকেই দেহ ব্যবসা এবং বিভিন্ন ধর্ম ও সমাজ বিরোধী কার্যকলাপে নিয়োগ করা হয়েছিল। বর্তমান সরকারের এই নিষেধাজ্ঞা নিঃসন্দেহে প্রশংসাযোগ্য এবং একটা মহৎ পদক্ষেপ। ১৯৮২ সনের ৫নং অর্ডিন্যান্সে অবশ্য আরও বলা হয়েছিল যে, যারা এই সমস্ত অপকর্মের জন্য দায়ী তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দোষী ব্যক্তিদিগকে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে। আমাদের জানা মতে অদ্যাবধি এরূপ কোন শাস্তির বাস্তব পদক্ষেপ নেয়া হয়নি। আমরা আশা করি বর্তমান সরকার এ ব্যাপারে আরও সচেতন হবেন।

www.pathagar.com

বাংলাদেশ স্বাধীন হবার পর তদানীন্তন সরকার বাস্তুহারা ও ভবঘুরে-দের পুনর্বাসনের উদ্দেশ্যে ঢাকা জেলার অধীন ডেমরার নিকট চনপাড়া নামক স্থানে প্রায় দু'লক্ষ পুরুষ ও মহিলাকে স্থানান্তরিত করেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ তদানীন্তন সরকার তাদের বসবাস ও জীবন ধারণের জন্য যা কিছু প্রয়োজন তার কোন ব্যবস্থাই করেন নাই বলা চলে। ঐসমস্ত লোকজন বাসস্থান, পানীয় জল, খাদ্য ও চিকিৎসা, পায়খানা-প্রস্রাবখানার অভাবে সর্বতোভাবে দুর্বিসহ জীবন যাপন করতে থাকে।

বিদেশী মিশনারীরা এই পরিস্থিতির সুযোগে ঐস্থানে তাদের আখড়া গড়ে বসে। তারা প্রথমেই ঐসব স্থানে সেনিটারী পায়খানা, নলকূপ, অবৈতনিক স্কুল ও বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ বিতরণের জন্য হাসপাতাল স্থাপন করে দেয়। এছাড়াও যুবসম্প্রদায় এর জন্য ক্লাবঘর ও বিনামূল্যে খেলার সামগ্রী সরবরাহ করে দেয়। উক্ত মিশনারীদের পক্ষ হতে রমজান মাসেও দিনের বেলায় জনসাধারণকে 'খিচুরী' পাক করে খাওয়ানো হয়। অধিকাংশ পায়খানা পূর্বমুখী করে নির্মাণ করা হয়। এমনিভাবে সতর্কতার সঙ্গে পরিকল্পিতভাবে মুসলমানদের ঈমান দুর্বল করে দেয়া হচ্ছে।

ঐসকল স্থানে প্রাথমিক পর্যায়ে বেশ কিছু সখ্যক লোককে প্রকাশ্যে খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হয়েছিল। পরবর্তী পর্যায়ে অবশ্য বিভিন্ন ইসলাম ধর্মীয় প্রতিষ্ঠানের চাপের মুখে প্রকাশ্যে কাউকে খৃষ্টধর্মে দীক্ষিত হতে দেখা যায় নাই। তবু এটা ধ্রুব সত্য যে, বহু লোক যারা উক্ত মিশনারীদের সংস্থায় চাকুরী করেন (অখৃষ্টান) অথবা মিশনারীদের অনুগ্রহে জীবন ধারণ করেন, তাদের অনেকেই বাস্তবপক্ষে ঈমান হারিয়েছেন এবং খৃষ্ট জীবন যাপনে অভ্যস্ত হয়ে গেছেন।

বিদেশী মিশনারীদের বাংলাদেশে আর দু'টি বড় ঘাঁটি ঢাকার মোহাম্মদপুর বিহারী ক্যাম্প এবং সৈয়দপুর (রংপুর জেলার) বিহারীদের ক্যাম্পে। এটা বলার অপেক্ষা রাখে না যে, স্বাধীনতার পর বাংলাদেশে বসবাসকারী প্রায় দশ লক্ষ অবাংগালী মুসলমান (বিহারী) প্রধানতঃ ঢাকার মোহাম্মদপুর, মীরপুর এলাকা, পাবনার ঈশ্বরদী এবং রংপুর জেলার সৈয়দপুরে বসবাস শুরু করে। আন্তর্জাতিক রেডক্রসের তত্ত্বাবধানে ঐসব

www.pathagar.com

স্থানে ওদের থাকা ও খাওয়ার কিছু পদক্ষেপ নেয়া হলেও সেটা ছিল প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। ফলে খৃষ্টান মিশনারীরা তাদের কার্যক্রম ঐসব স্থানে প্রসারিত করে। হীড ও কনসার্ন নামক দু'টি খৃষ্টান মিশনারী সংগঠন এই সব এলাকাতে ব্যাপক কার্যক্রম চালাচ্ছে। মোহাম্মদপুর ও মীরপুর উদ্বাস্তু ক্যাম্প হতে বহু শিশুকে বিদেশে পাচার করা হয়েছে এবং অনেক দুর্দশাগ্রস্ত মুসলমানকে খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হয়েছে। উদাহরণ স্বরূপ বলা যায় মোহাম্মদপুরের রাজিয়া সুলতানা রোডের ৪/১৩ বাড়ীর মোহাম্মদ আসলাম এবং তার পরিবারের সবাই খৃষ্টান ধর্মে দীক্ষিত হয়। উক্ত মোঃ আসলাম বর্তমানে মিঃ আসকিন নামে পরিচিত এবং উনি গ্রীন হেরাল্ড ইন্টারন্যাশনাল স্কুলে চাকুরী করছেন। দত্তপাড়ায় খৃষ্টান মিশনারীদের পরিচালিত চার্চের দায়িত্বে নিয়োজিত জন বাবু মাত্র দু'বছর আগেও একজন মুসলমান ছিলেন।

বাংলাদেশে যে সমস্ত স্থানে বিদেশী মিশনারীরা সবচেয়ে বেশী তৎপরতা চালাচ্ছে তন্মধ্যে ঢাকার রূপগঞ্জ, ফরিদপুরের জলিরপার ও খানখানপুর, বরিশালের পাদ্রী শিবপুর, ময়মনসিংহের দুর্গাপুর ও হালুয়াঘাট, টাংগাইলের মধুপুর, রংপুরের সৈয়দপুর ও নীলফামারী, দিনাজপুরের বিরল ও সেতাবগঞ্জ, পাবনার ঈশ্বরদী, সিলেটের শ্রীমঙ্গল, পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটি, বান্দরবন, কুষ্টিয়ার বল্লবপুর, যশোহরের ঝিকরগাছা, রাজশাহীর নবাবগঞ্জ উল্লেখযোগ্য। এসমস্ত এলাকায় মিশনারীরা শুধু দাতব্য চিকিৎসালয়, স্কুল, লাইব্রেরী, গীর্জা স্থাপন করেই ক্ষান্ত নয়। ঐসমস্ত স্থানে গরীব কৃষকদের (অখৃষ্টান) জমি বন্ধক রেখে কৃষি কাজের জন্য প্রচুর টাকা বিনা সুদে ঋণ হিসাবে দেয়া হচ্ছে। যেহেতু অধিকাংশ কৃষকই উক্ত ঋণ শোধ করতে পারে না, উক্ত বন্ধকী জমি মিশনারীরা দখল করে নেয়। যারা খৃষ্টান ধর্ম গ্রহণে রাজী হয় তাদের মাঝে বিনামূল্যে উক্ত জমি বিতরণ করা হয়। ফরিদপুরের জলিরপার ও বরিশালের পাদ্রীশিবপুরে এভাবে বহু সংখ্যক মুসলমানকে খৃষ্টান করা হয়েছে।

যশোহর-খুলনা রোডের পাশ্বেই এবং ঝিকরগাছাতে বিদেশী মিশনারী কর্তৃক ফাতেমা হাসপাতাল নামে দু'টি হাসপাতাল করা হয়েছে।

www.pathagar.com

বেহেস্তে যিনি নেতৃত্ব দেবেন, ইসলাম ধর্মের সর্বশ্রেষ্টা ও শেষ নবীর নয়নের দুলালী ও কলিজার টুকরো এবং শেষ খলিফাতুল মোসলেমীন হযরত আলী (রাঃ)-এর প্রিয়তমা পত্নী মা ফাতেমা (রাঃ) নাম অনুসারে বিদেশী মিশনারীরা ঐ দু'টি হাসপাতালের নামকরণ করেছে। বিদেশী মিশনারীদের এরূপ ধৃষ্টতা অসহনীয়। এটার প্রতিকার হওয়া প্রয়োজন। আগেই বলা হয়েছে টাংগাইলের মধুপুর গড়ে জলছত্র নামক স্থানে হযরত মরিয়ম কুষ্ঠ হাসপাতাল করা হয়েছে। ইসলামের সেই গরীয়সী মহিলাদের নামে প্রতিষ্ঠান করে সম্পূর্ণ অনৈসলামীক কার্যকলাপ করে একদিকে যেমন ইসলাম ধর্মের মহীয়সীদের অবমাননা করা হচ্ছে অন্যদিকে গরীব অশিক্ষিত জনগণকে প্রতারীত করা হচ্ছে। এটা জঘন্য অপরাধ বলে বিবেচিত হওয়া উচিত।

ঢাকা শহর শুধু বাংলাদেশের রাজধানীই নয় বরং বিদেশী মিশনারীদের কর্মকান্ডের এক প্রধান কেন্দ্রস্থল। নিম্নে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা শহরে মূলতঃ কাজ করে যাচ্ছে :—

১। এন, সি, বি—মগবাজার।
২। সি, সি, ডি, বি—রোড নং-১৮, ধানমন্ডি।
৩। সেভেনটে এডভান্টিস্ট—মীরপুর, সেকশন-১।
৪। কনসার্ন—রোড নং-২৮, ধানমন্ডি।
৫। হীড—গ্রীন রোড।
৬। এভরি হোম টু কনস্টেট—১ নং দিলু রোড।
৭। ওয়াই, এম, সি, এ—নিউ ইস্কাটন।
৮। ওয়াই, ডবলু, সি, এ—মগবাজার।
৯। এম, সি, সি—আসাদ গেট।
১০। ওয়াল্ড ভিশন—রোড নং-২৭, ধানমন্ডি।
১১। কারিতাস—২ নং আউটার সার্কুলার রোড।
১২। বাইবেল করেসপন্ডেন্স স্কুল—১০৩, ময়মনসিংহ রোড, ঢাকা।

এ সমস্ত মিশনারীর পক্ষ থেকে ঢাকা শহরে ১০টি হাসপাতাল, ১০টি স্কুল, ৫টি লাইব্রেরী ও ৩টি এতিমখানা চালানো হয়।

www.pathagar.com

পাবনা শহরে আব্দুল হামিদ রোডে অস্ট্রেলিয়ান ব্যাপ্টিষ্ট মিশনারী সোসাইটি কর্তৃক পরিচালিত একটি বিরাট লাইব্রেরী আছে। ঐ লাইব্রেরী থেকে বিনামূল্যে খৃষ্টবাদের উপর ক্ষুদ্র ক্ষুদ্র প্রচুর বই ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়ে থাকে। ঈশ্বরদী ব্যাপ্টিষ্ট মিশনে ৫জন বিদেশী এবং ৩০জন স্থানীয় কর্মচারী আছে। উক্ত মিশনারী ইতিমধ্যেই ১০জন মুসলমান এবং ১০০ জন অমুসলিমকে খৃষ্টান ধর্মে দীক্ষিত করেছে। রংপুর জেলায় ব্যাপ্টিষ্ট চার্চ ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। উক্ত জেলার নিম্নে উল্লেখিত স্থান সমূহে তাদের কর্মকান্ড চলছে ঃ—১) রংপুর শহর ২) মিঠাপুকুর ৩) লালমনির হাট ৪) বদরগঞ্জ ৫) অদিতমারী ৬) জাপাটি বাড়ী (কোলাগঞ্জ) ৭) ডিমলা (নীলফামারী ৮) ডেমরা ৯) সৈয়দপুর ১০) পীরগঞ্জ ১১) পাটগ্রাম ১২) তুষবন্দর ১৩) হাতীবন্দর ১৪) রইসবাগ ১৫) ফুলছড়ি ১৬) সাহামাড়া (গাইবান্ধা)। স্বাধীনতার পর প্রায় এক হাজার বিহারী, ৫০০ হিন্দু এবং ২০০০ সাঁওতালকে উপরোল্লিখিত স্থানসমূহে খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হয়েছে। উক্ত মিশনারীরা ৩টি স্কুল, ৫টি দাতব্য চিকিৎসালয়, ১৫টি লাইব্রেরী, ১টি এতিমখানা, ১টি ক্লাব, ১টি পূর্ণাঙ্গ হাসপাতাল চালাচ্ছে।

রাজশাহী জেলায় মূলতঃ বাংলাদেশ চার্চ মিশন, গ্রেসবাই টায়ারিয়ান চার্চ ও ইষ্ট লায়ন ক্যাথলিকস নামক ৩টি বিদেশী মিশনারী নিম্নলিখিত ৮টি স্থানে কার্যক্রম চালাচ্ছে ঃ— ১) ভাটপাড়া ২) কানকানা ৩) পাথর ঘাটা ৪) রাজশাহী ৫) নবাবগঞ্জ ৬) সরাইল ৭) আমনূরা ৮) বানপাড়া। ঐসমস্ত মিশনারীদের অধীনে ১২৫ জন পুরুষ ও মহিলা কর্মরত রয়েছে। তন্মধ্যে ৫০ জন বিদেশী। উক্ত মিশনারীর তত্ত্বাবধানে ১০টি স্কুল, ৭টি লাইব্রেরী, ৭টি দাতব্য চিকিৎসালয়, ৫টি ক্লাব, ১টি সমবায় সমিতি, ১০৫ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ হাসপাতাল। উক্ত হাসপাতালে দেশী ডাক্তার ছাড়াও বিদেশী ডাক্তার ও নার্স নিয়োগ করা হয়েছে। আমাদের জানা মতে উপরোল্লিখিত মিশনারী সমূহে ২৫০০ সাঁওতালকে খৃষ্ট ধর্মে দীক্ষিত করেছে।

কুষ্টিয়া জেলায় ঃ—১) বল্লবপুর ২) ভবেরঘরি ৩) পাকুরিয়া ৪) নিত্যানন্দপুর (মেহেরপুর) ৫) চৌগাছা (গাংনী) ৬) চুয়াডাঙ্গায় মিশ-

www.pathagar.com

নারীদের মূল তৎপরতা পরিলক্ষিত হয়। উক্ত মিশনারীদের আওতায় ২৫ জন বিদেশী পুরুষ ও মহিলা এবং ৭৫ জন স্থানীয় নবদীক্ষিত খৃষ্টান কাজ করছে। উপরোল্লিখিত স্থান সমূহে মিশনারীরা ৩টি হাসপাতাল, ৪টি স্কুল, ২টি লাইব্রেরী, ২টি এতিমখানা, ২টি ক্লাব ও ১টি সমবায় ব্যাংক স্থাপন করেছে। ১৯৭৭ সনে মি· রোনো নামে একজন বিদেশী খৃষ্টান পাদ্রীকে এই অঞ্চলে রাষ্ট্রবিরোধী কার্যে লিপ্ত থাকার অভিযোগে বাংলাদেশ সরকার তাকে দেশ থেকে বহিষ্কার করে দিতে বাধ্য হন।

যশোহর জেলায় ক) খৃষ্টান মিশন খ) স্যালভেশান আর্মি গ জাপানীজ প্রিজন এসোসিয়েশন নামক বিদেশী মিশনারীরা ১) যশোহর শহর ২) সিমুলিয়া ৩) মাগুরা ৪) ঝিকরগাছা ৫) ঝিনাইদহ ইত্যাদি স্থানে ২টি প্রশিক্ষণ কেন্দ্র, ২টি জুনিয়ার স্কুল, একটি এতিমখানা, ২টি পূর্ণাঙ্গ হাসপাতাল, ৩টি লাইব্রেরী ও ১টি ক্লাব স্থাপন করেছে। এই সমস্ত কাজ তদারক করার জন্যে ১৫ জন বিদেশী ও ৫০ জন স্থানীয় নবদীক্ষিত খৃষ্টানকে নিযুক্ত করা হয়েছে। উপরোল্লিখিত কাজ দ্বারা ও স্যালভেশন আর্মি নামক মিশনারীটি সেলাই শিক্ষা কেন্দ্র, বয়স্ক শিক্ষা কেন্দ্র, তাঁত শিক্ষা কেন্দ্র ও ফিডিং সেন্টার স্থাপন করে স্থানীয় জনগণকে খৃষ্ট ধর্মে দীক্ষিত করার প্রয়াস পাচ্ছে।

ফরিদপুর জেলায় খৃষ্টান মিশন ও ব্যাপটিষ্ট মিশন ১। জলির পাড় ২। খানখানাপুর ৩। বালিয়াকান্দি ৪। ওরাকান্দি ৫। গোপালপুর ও ফরিদপুর শহরে ব্যাপক কাজ চালাচ্ছে। পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, ইতিমধ্যেই জলিরপাড়ে বহুসংখ্যক তফসিলী সম্প্রদায়ের লোককে খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হয়েছে। ৫০জন বিদেশী ও ৩০জন স্থানীয় কর্মচারী ঐসমস্ত মিশনারীদের অধীনে কর্মরত রয়েছে।

কুমিল্লার চাঁদপুর শহরে একটা বিরাট গীর্জা ও খৃষ্টান পাড়া আছে। সেখানে কারিগরি শিক্ষার ব্যবস্থা আছে। উক্ত কারিগরি প্রতিষ্ঠানের অধিকাংশ কর্মচারীই মুসলমান মহিলা। তাদেরকে শরিয়ত বিরোধী বেশভূষায় চলাফেরা করতে দেখা যায়। শেরপুর, ময়মনসিংহ, নালিতাবাড়ী

www.pathagar.com

থানার সীমান্তের নিকট বাওয়াবাড়ি মরিয়মনগর নামক ২টি স্থানে খৃষ্টান মিশনারীসমূহের ব্যাপক কাজ চালানোর ফলে ইতিমধ্যেই দশ হাজারেরও উর্ধে স্থানীয় উপজাতি খৃষ্টান ধর্মে দীক্ষিত হয়েছে।

বগুড়া জেলায় ব্যাপ্টিষ্ট মিশনারীদের তৎপরতাই বেশী লক্ষণীয় ১) বগুড়া শহর ২) জয়পুর হাট ৩) শেরপুরে মিশনারীদের ব্যাপক তৎপরতা রয়েছে। বগুড়া শহরে মিশন হাসপাতাল নামে এক আধুনিক হাসপাতাল ও পূর্ণাঙ্গ হাসপাতাল রয়েছে। হাসপাতালে সর্বাধুনিক যন্ত্রপাতিসহ অস্ত্রোপচারের ব্যবস্থা রয়েছে। এই হাসপাতালের অন্যতম আকর্ষণ হচ্ছে এন্ডোস্কোপী। ঢাকার বাইরে একমাত্র বগুড়া মিশন হাস-পাতালেই এন্ডোস্কোপের ব্যবস্থা রয়েছে। এন্ডোস্কোপীষ্ট মি. বিশ্বাস একজন বাঙ্গালী খৃষ্টান। এই হাসপাতালের পরিচালক ব্যাপ্টিষ্ট মিশন কর্তৃক ডা. বিশ্বাস বিদেশ থেকে এন্ডোস্কোপীর উপর বিশেষ ট্রেনিং প্রাপ্ত হন। দৈনিক প্রায় ৪০ জনের মতো আলসারের রোগী এন্ডোস্কোপী করাতে আসে। এছাড়া হাসপাতালের আউট ডোরে দৈনিক প্রায় ২০০ রোগীকে চিকিৎসা করা হয়। ডাক্তার ও নার্সগণ সবাই বাংলাদেশী খৃষ্টান। হাসপাতাল ও মিশন পরিচালক মন্ডলীতে প্রায় ১০০ জন দীক্ষিত খৃষ্টান চাকুরীরত আছে।

বগুড়া ইয়ং মেন খৃষ্টান এসোসিয়েশন (Y.M.C)-এর ৪০জন সদস্যের মাঝে ৩০ জনই মুসলমান যুবক। তারা প্রায় সবাই ব্যবসায়ী, উচ্চ পদস্থ কর্মকর্তা, বুদ্ধিজীবীদের ছেলে, বিনামূল্যে খেলাধুলার সামগ্রী, বিনো-দনমূলক অনুষ্ঠান, সাহিত্যানুষ্ঠান ও পিকনিক, এক্সকার্সার ও ফিষ্টের যাবতীয় খরচ ওয়াই, এম, সি, এ কর্তৃক বাহিত হওয়ায় যুবক সম্প্রদায় এটার প্রতি ঝুকে যাচ্ছে। মাঝে মাঝে সদস্যরা নিজেরাই চাঁদা দিয়ে অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এটা আদৌ শুভ লক্ষণ নয়।

বাংলাদেশের অধিকাংশ উপজেলা ও জেলা শহরে খৃষ্টান মিশনারীরা উচ্চ মূল্যে প্রচুর আবাদি ও অনাবাদি জমি ক্রয় করছে। এ বিষয়ে সরকারের ও জনগণের যথেষ্ট চিন্তা-ভাবনার কারণ আছে। যদি এভাবে বিদেশী মিশনারীদের জমি ক্রয় করতে দেয়া হয় তাহলে হয়তো এমন একদিন

www.pathagar.com

আসতে পারে যখন দেখা যাবে যে বাংলাদেশের অধিকাংশ জমির মালিক বিদেশী মিশনারীরা। কারণ অর্থনৈতিক প্রতিযোগিতায় স্থানীয় জনগণ তাদের সঙ্গে পাল্লা দিয়ে টিকে থাকবে কি করে ?

বাংলাদেশে বিভিন্ন মিশনারীদের অধীনে প্রায় দশ হাজার লোক চাকুরী করে। এদের অধিকাংশই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে খৃষ্টান ধর্মে দীক্ষিত ঐসমস্ত কর্মচারীদের প্রায় ৫০% যুবতী মহিলা এবং তারা প্রায়ই অর্ধশিক্ষিত। এই সমস্ত মহিলারাই শিকারিনী হিসাবে কাজ করে থাকে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, বিদেশী মিশনারীতে যে সমস্ত পুরুষ ও মহিলা রয়েছে তাদের প্রত্যেককেই অতি উচ্চমানের বিভিন্ন সুযোগ সুবিধা দেয়া হয়ে থাকে এবং এদের মাসিক বেতন যে কোন সরকারী বা বেসরকারী অফিস আদালতের কর্মচারীদের বেতনের চাইতে অনেকগুণ বেশী। কর্মকর্তাদের সামগ্রিক সুযোগ সুবিধার পরেও প্রায়ই ট্রেনিং, সেমিনার, সিম্পোজিয়ামের নাম করে বিদেশে নিয়ে যাওয়া হয় সম্পূর্ণ মিশনারীদের খরচে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে মিশনারীদের অশুভ তৎপরতার ফলে বহু মুসলমান পর্যন্ত খৃষ্ট ধর্মে দীক্ষিত হয়েছে। মি. আসকিন ও মি. জন বার এর নাম পূর্বেই উল্লখ করা হয়েছে। এখানে এমনি আরও কয়েকজনের নাম দেওয়া গেল। ১) আছর অলী, ময়মনসিংহ জেলার দুর্গাপুর উপজেলার কনিকা গ্রামের বাসিন্দা ছিল। ১৯৭০ সনে একই উপজেলার চলিতাপাড়া গ্রামের রবু সাংমার মেয়ে রুবী সাংমাকে বিয়ে করে খৃষ্ট ধর্ম গ্রহণ করে। ১৯৭৪ সনে সে মারা যায়। তারই ঔরসজাত একটি ছেলে ও একটি মেয়ে রুবী সাংমার তত্ত্বাবধানেই আছে। ২) দিনাজপুর জেলার নিজগ্রামে তারা মিঞা নামে জনৈক মুসলমান ছেলে ৬/৭ মাস পূর্বে খৃষ্টান ধর্ম গ্রহণ করে। এখন সে একটা মিশনারী সংস্থায় চাকুরীরত। ৩) ময়মনসিংহ জেলার নলজুড়া গ্রামের (দুর্গাপুর উপজেলা) জনৈক শাহজাহান এক গারো খৃষ্টান মেয়েকে বিয়ে করে খৃষ্ট ধর্ম গ্রহণের অপেক্ষায় আছে। ৪) দিনাজপুর শহরের মন্টু মিঞা নামে জনৈক ব্যবসায়ীর ছেলে সাঁওতাল-খৃষ্টান মেয়েকে বিয়ে করে নগদ ৩৫ হাজার টাকা মিশনারীদের কাছ থেকে সাহায্য স্বরূপ পায়। অচিরেই সে খৃষ্ট ধর্ম গ্রহণ করে ভাল চাকুরীর আশা করছে।

www.pathagar.com

# দ্বিতীয় অধ্যায়

## বাংলাদেশে গারো ও সাঁওতাল উপজাতি

### গারো :

সাবেক ময়মনসিংহ জেলার উত্তরাঞ্চল, (দুর্গাপুর, কলমাকান্দা, হালুয়াঘাট, নালিতাবাড়ি ও শ্রীবর্দী থানা) সিলেট ও টাঙ্গাইল জেলার কিয়দাংশ জুড়ে গারোদের বসবাস করতে দেখা যায়। এরা মূলতঃ পাহাড়ী জাতি। কালক্রমে ও প্রাকৃতিক বিপর্যয়ের দরুন এরা বর্তমানে সমভূমি এলাকাতেও বসতি স্থাপন করেছে।

গারোরা মঙ্গোলীয় শ্রেণী (Rece) ভুক্ত। ওদের আদি বাসস্থান ছিল তিব্বত অঞ্চলে। ঝুম চাষ (Smash and cultivation) ও শিকারের জন্য নূতন নূতন স্থানের অন্বেষণ করতে করতে ওরা ভারতের আসাম (সাবেক) অঞ্চলের গারো পাহাড়ে এসে বসতি স্থাপন করে।

দৈহিক আকৃতি : গারোরা বেঁটে ও স্বাস্থ্যবান। নাক চ্যাপ্টা, চোখ ছোট, মাথার চুল খাড়া ও মোটা, পায়ের পাতা চাপ্টা, গোপ দাঁড়ি খুব কম, পেশী দৃঢ়, বাইসেপ-ট্রাইসেপ উন্নত, পায়ের ডিম পুষ্ট। গায়ের রং কালো ও শ্যামলা।

স্বভাব : একগুঁয়ে, সত্যবাদী, অন্যায়কে ঘৃণা করে, অতিথি পরায়ণ, পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে ভালবাসে, ভিক্ষাবৃত্তি, চৌর্যবৃত্তি এবং পরধন লিপ্সাকে ঘৃণ্যতম জ্ঞান করে। পুরুষরা অলস। মেয়েরা অধিক কর্মঠ।

www.pathagar.com

খাদ্যাভ্যাস : পাহাড়ী ফলমূল, শাক-সব্জি ওদের প্রিয় খাদ্য। মাছ মাংসের মাঝে শূকরের মাংস, কাচিম, শামুক, কুচ্ছিয়া, শুকনা মাছ প্রিয়। 'চু' (আতপ চাউল সিদ্ধ করে পচিয়ে এক প্রকার মাদক পানীয় প্রস্তুত করা হয়) এদের সর্বোত্তম পানীয়। সকল উৎসব অনুষ্ঠানে, এমনি কি জন্ম, মৃত্যুর অনুষ্ঠানেও 'চু' অবশ্য পানীয়। এক সময়ে পাহাড়ী গারোরা কুকুর ছানা, বেড়াল বাচ্চা, গাংগা ফড়িং, কাঁকড় ইত্যাদি আগুনে পুড়িয়ে খেতো. বর্তমানে এগুলি খেতে কমই দেখা যায়।

ঘর বাড়ি : উঁচু টিলায় মাচান বেঁধে বাঁশ ও কাঠের ঘর তৈরী করে। বর্তমানে মাটির দেয়াল বিশিষ্ট ঘরও দেখা যায়। প্রত্যেক বাড়িতে অন্ততঃ দুই থেকে তিনটি ঘর থাকে। বসত ঘর, পাকঘর ও গোয়াল ঘর। আগে ল্যাট্রিন ব্যবহারের রেওয়াজ ছিল না। প্রত্যেক বাড়ির সাথেই অন্ততঃ একটা বাঁশ ঝাড় আছে। ঐ বাঁশ ঝাড়ে কিংবা ঝোঁপ জঙ্গলে পায়খানা করতো। বাড়ির চতুর্পাশে দেউড়ী বা বেড়া দেয়া প্রয়োজন বোধ করে না। বর্তমানে অবস্থাসম্পন্ন গৃহস্থ ও শিক্ষিত গারোরা টিনের ঘর এমনকি পাকা দালান ঘর তৈরী শুরু করেছে। বাড়ির চতুর্দিকে বেড়া ও সিনেটারী ল্যাট্রিন ও দেখা যায়।

পোষাক : পুরুষরা এক চিলতে কাপড় দ্বারা শুধু পুরুষাঙ্গ ও গুহ্যদ্বার ঢেকে রাখতো। মেয়েরা এক টুকরো কাপড় দ্বারা বুক ও আর এক টুকরো কাপড় নাভীর নীচ থেকে হাটুর উপর পর্যন্ত ঢেকে রাখতো। এখন পুরুষরা গামছা, ধুতি—আর মেয়েরা ব্লাউজ ও 'গেনা' (তাঁতে বুনা মোটা ও চওড়া পাড় বিশিষ্ট) পরে থাকে। শিক্ষিত পুরুষ ও মেয়েরা বাঙ্গালীদের মতোই পোষাক পরে।

অলংকার : গারো মেয়েরা রুপোর টাকার কন্ঠহার, কানপাশা, নাক-পাশা, হাতে বালা, পায়ে খাড়ু পরতো। এখন অলংকারের ব্যবহার নাই বললেই চলে।

পেশা : পশু পাখি শিকার ও ঝুম চাষ ছিল ওদের প্রধান পেশা। বর্তমানে সমতল ভূমিতে হাল চাষ করে। আধুনিক শিক্ষিতরা হয় ধর্ম

www.pathagar.com

প্রচার সংস্থা নয়তো বিদেশী সাহায্য সংস্থার চাকুরী করে। সরকারী চাকুরীজীবীর সংখ্যা খুবই নগণ্য। ব্যবসায়ী নাই বললেই চলে। মেয়েরা মাটি কাটা থেকে শুরু করে, জঙ্গলে কাঠ কাটা, ফসল রোপণ ও কর্তন করে থাকে। অনেক মেয়ে হস্তশিল্পের কাজে পটু। বেকার সমস্যা নেই। শিক্ষিত মেয়েরা ধর্ম প্রচার (খৃষ্টান) শিক্ষকতা ও নার্সিং চাকুরীতে আগ্রহী। বর্তমানে সীমান্ত এলাকাতে বেশ কিছু গারো মেয়ে ভারতের সাথে চোরাকারবারে লিপ্ত।

উৎসব অনুষ্ঠান: গারোদের শ্রেষ্ঠ অনুষ্ঠান 'ওয়ানিগাল্লা'। নবান্ন উপলক্ষে এই অনুষ্ঠানের অয়োজন করা হয়ে থাকে। এছাড়া বিভিন্ন পূজা পার্ব্বনে বিশেষ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। জন্ম, মৃত্যু ও বিয়ে উপলক্ষেও উৎসব হয়ে থাকে। তাছাড়া শিকার উৎসব, জুম চাষের স্থান নির্বাচন, চাষ শুরু ও চাষ শেষে উৎসবের আয়োজন হতো। গারো ছেলে মেয়েরা দলবদ্ধ হয়ে নৃত্যগীত করতে পছন্দ করে। তাদের অনেক পালা গানের মধ্যে 'সেরানজিং' বেশ পুরানো ও হৃদয় বিদারক। বর্তমানে খৃষ্ট ধর্মের প্রভাবে এই উৎসব অনুষ্ঠান বিলুপ্তির পথে। এখন খৃষ্টমাস, ইষ্টার হলিডে, গুড ফ্রাইডে ইত্যাদি খৃষ্ট ধর্মীয় উৎসব অনুষ্ঠানই বেশী দেখা যায়।

সামাজিক পরিবেশ: গারোরা প্রধানতঃ যাযাবর জাতি। জুম চাষের জন্য ২/১ বছর পর পরই নূতন জায়গা নির্বাচন ও শিকারের জন্য গভীর অরণ্যের সন্ধানেই তাদেরকে এক স্থান থেকে অন্যস্থানে নিয়ে যেতো। বর্তমানে কৃষি ভিত্তিক পেশাই গারোদের স্থায়ী বসবাসের প্রেরণা যুগায় এবং দলবদ্ধভাবে বসবাস শুরু করে।

বাসস্থানের অবস্থানভেদে গারোদের দুই ভাগে ভাগ করা হয়ে থাকে। 'আপাল ও 'লামদানী'। পাহাড় অঞ্চলে বসবাসকারী গারোদেরকে 'আপাল' ও সমভূমিতে বসবাসকারীরা 'লামদানী' বলে খ্যাত।

গারোদের মাঝে এখনও মাতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রচলিত। অনেকের মতে বৃটিশ সরকার গারোদের মাঝে মাতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থার প্রচলন

www.pathagar.com

করে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় গারো যুবক ছেলেদেরকে বলপূর্বক যুদ্ধে নিয়ে যাওয়া হয়। যুদ্ধ থেকে তাদের ফিরে আসার সম্ভাবনা ছিল ক্ষীণ। তাই সম্পত্তি রক্ষার উপায় স্বরূপ মেয়েরাই সম্পত্তির মালিকানা লাভ করে। বৃটিশ সরকার এই মর্মে আইন পাশ করে রেখে গেছে যে, 'গারোদের সম্পত্তির মালিকানা মেয়েদেরই থাকবে। পুরুষদের এতে কোন অধিকার থাকবে না।' সে জন্য গারোদের মধ্যে মেয়েরাই পরিবারের হর্তাকর্তা।

গোত্র ঃ গারোদের মাঝে অনেক গোত্র বা গোষ্ঠী রয়েছে। প্রধান প্রধান গোত্র গুলি হচ্ছে ঃ—ক) অম্ব খ) আবেং গ) দোয়েল। লামদানী গোত্রগুলি হচ্ছে ঃ—ক) মমীন খ) মারাক গ) সাংমা। প্রত্যেক গোত্রের আলাদা আচার অনুষ্ঠান রয়েছে। স্বগোত্রের ছেলে মেয়েতে বিয়ে হতে পারে না। এক গোত্রের ছেলেকে অন্যগোত্রের মেয়ে বিয়ে করে ঘর জামাই হয়ে থাকতে হয়। মায়ের পরিচিতিতেই বংশ পরিচয় হয়ে থাকে।

ধর্ম ঃ গারোরা মূলতঃ সাংসারিক ধর্মাবলম্বী। জড় বস্তু ও দেব-দেবীর পুজারী। 'যুগাই' হলো তাদের প্রধান দেবতা। এছাড়া সালজং (সূর্যদেব), ছোহুম (চন্দ্র) ইত্যাদি অনেক দেব-দেবী আছে। উনবিংশ শতাব্দীর শুরুতেই খৃষ্টান মিশনারীরা গারো উপজাতির মাঝে খৃষ্ট ধর্মের প্রচারণা শুরু করে। শিক্ষা ও সভ্যতার আলোক বিবর্জীত গারো-দের মাঝে এরা খুব বিচক্ষণতার সাথে ঢুকে যায়। গারোদের দুর্বল জায়গা গুলি ওরা খুঁটিয়ে খুঁটিয়ে বের করে সেখান থেকে কাজ শুরু করে। যেমন মিশনারীরা গারোদের বুঝাতে চেষ্টা করে যে, এ শ্বাপদ সংকুল অরণ্যানী একমাত্র অধিকারী গারোরাই। কেননা তারাই এখানকার আদি অধিবাসী। হিন্দু বা মুসলমানদের অনুপ্রবেশ গারোদের জন্যে ক্ষতি-কারক। এমনি করে গারোদের সাথে হিন্দু মুসলমানদের বিরোধ সৃষ্টি হয়। দাঙ্গা বাধে। খৃষ্ট মিশনারীরা সে সময়ে গারোদের পরোক্ষ সহায়তা করে এবং ক্ষতিগ্রস্ত গারোদের মাঝে সেবা ও সাহায্যের দ্বারা তাদের মন জয় করে। ধীরে ধীরে মিশনারীরা তাদের মাঝে স্থায়ী আসন করে নেয়। দলে দলে গারোরা খৃষ্ট ধর্ম গ্রহণ শুরু করে। বর্তমানে গারো-দের শতকরা ৯৮ ভাগ খৃষ্ট ধর্মাবলম্বী সংখ্যানুক্রমে গারোরা ব্যাপ্টিষ্ট ক্যাথলিক, সেভেন্থ-ডে-এডভানটিষ্ট, হালিসয়া ও অক্সফোর্ড মিশন কর্তৃক ধর্মান্তরিত।

www.pathagar.com

**ভাষা ঃ** গারো ভাষা মূলতঃ দুই ভাগে বিভক্ত। 'হাচ্ছিক কুচিক' ও 'মান্দি কুচিক'। পাহাড়ী গারোরা হাচ্ছিক ভাষায় কথা বলে ও লামদানী গারোরা মান্দি ভাষায় কথা বলে। হাচ্ছিক ভাষাই গারোদের আদি ভাষা। ওদের ভাষার লেখ্য রূপ নেই। নিজস্ব বর্ণমালা না থাকায় বাংলা অথবা ইংরেজী ভাষাতে গারো ভাষা লেখা হয়ে থাকে। বর্তমানে গারো ভাষায় বর্ণমালা আবিষ্কারের জোর চেষ্টা চলছে। বিরিশিরি উপজাতীয় কালচারাল একাডেমী এ ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করছে।

**অর্থনৈতিক অবস্থা ঃ** এক সময়ে (মতান্তরে খৃষ্টিয় ১ম বা ২য় শতক) গারোরাই এ অঞ্চলের আদিবাসী ছিল। তারা পাহাড় জঙ্গল পরিস্কার করে চাষের জমি তৈরী করে। সেই সময়ে গারোদের মাঝে রাজ শাসন প্রবর্তীত ছিল। কিন্তু সেই সব গারো রাজা বা রাজত্বের সুদৃঢ় বন্ধনী না থাকায় সে রাজত্ব দীর্ঘস্থায়ী হয় নাই। কিন্তু তারা স্বাধীন কাজ-কর্ম করে সুখে ও স্বাছন্দে দিনাতিপাত করতো। বৃটিশ শাসন তাদের নিরবিচ্ছিন্ন সুখ ও স্বাধীনতা কেড়ে নিল। নানা প্রকার টেক্স ও আইনের বাধ্য বাধকতা দ্বারা গারোদের জীবন যাত্রা বিষময় করে তুললো।

কালক্রমে সাবেক আসাম ও বাংলাদেশ থেকে লোকজন এসে এখানে বসতি গড়তে শুরু করলো। তাদের মাঝে দাঙ্গা-হাঙ্গামাও শুরু হলো। এ ব্যাপারে ধর্ম বিষয়ে সামান্য আলোকপাত করা হয়েছে। পাক-ভারত বিভক্তির পর গারোরা বেশীর ভাগই ভারত সীমানায় পড়ে যায়। পাকিস্তানে যে গারোরা থাকে তারা ভগ্নোৎসাহ হয়ে অনেকেই ভারতে আত্মীয়-স্বজনদের কাছে চলে যায়। তখন পর্যন্ত গারোদের অবস্হা মোটামুটি স্বচ্ছল ছিল।

পাকিস্তান আমলের গোড়ার দিকেই তাদের অর্থনৈতিক অবস্হার অবনতি ঘটতে থাকে। মাতৃতান্ত্রিক সমাজ ব্যবস্হাই মূলতঃ এ অর্থনৈতিক বিপর্যয়ের জন্যে দায়ী। গারো ছেলেরা সম্পত্তির ভাগিদার হতে পারে না ফলে সম্পত্তি রক্ষা বা উৎপাদন বাড়াবার চেষ্টা তাদের মাঝে নাই বললেই চলে। ফলে সম্পত্তির আয় কমতে থাকে। কিন্তু লোক সংখ্যা বৃদ্ধির দরুন ব্যয়ভার বাড়তে থাকে। আয় ব্যয়ের এই ভারসাম্যহীনতা তাদের সম্পত্তি বিক্রি কিংবা মহাজনদের কাছ থেকে চড়া সুদে ঋণ গ্রহণ করতে বাধ্য হয় (জমি বন্ধক রেখে)। এভাবে ঋণের ভারে সম্পত্তি মহাজনদের হাতে চলে যেতে শুরু করে।

www.pathagar.com

**শিক্ষা ব্যবস্থা :** যাযাবর বিধায় সুদীর্ঘকাল গারোরা সভ্যতার আলোক হতে দূরে সরে ছিল। বর্তমানে গারোরা শিক্ষার আলো লাভ করতে শুরু করেছে। তাদের শিক্ষা মূলতঃ দুই ভাগে বিভক্ত। আধ্যাত্মিক ও জাগতিক। আধ্যাত্মিক শিক্ষায় খৃষ্ট মিশনারীরা তাদের সর্বাত্মক প্রচেষ্টা ও কৌশল গারোদের মাঝে প্রয়োগ করেছে। পূর্বেই বলা হয়েছে গারোদের শতকরা ৯৮ ভাগ খৃষ্ট ধর্মাবলম্বী। মিশনারীরা গারোদের বাইবেল শিক্ষা দেয়ার জন্যে বাইবেল প্রশিক্ষণ কেন্দ্র, চার্চ ভিত্তিক ধর্ম প্রচার কর্মসূচী, ডাকযোগে বাইবেল শিক্ষা, পুস্তিকা, প্রচার পত্রের মাধ্যমে নিয়মিত বাইবেলের শিক্ষা প্রদান করে আসছে। বাইবেল শিক্ষার্থীদের যাবতীয় ব্যয়ভার মিশন বহন করছে। প্রশিক্ষণ প্রাপ্ত পুরুষ ও মহিলারা ধর্ম প্রচার কার্যে নিয়োজিত।

সমাজ, পরিবেশ, পরিবার ও প্রাত্যহিক জীবন সম্বন্ধে বাস্তব জ্ঞান দানের জন্যে প্রত্যেক খৃষ্ট-ধর্ম প্রচার সংস্থার নিজ নিজ বিদ্যালয় রয়েছে। ঐসব বিদ্যালয়ে দেশে প্রচলিত শিক্ষা কারিকুলামের সাথে সাথে ধর্মীয় (খৃষ্ট) শিক্ষা বাধ্যতামূলক। ঐসব স্কুলের শিক্ষক শিক্ষিকাগণ প্রকৃত প্রস্তাবে শিক্ষক ও ধর্ম প্রচারক (Teacher-cum-Avanzelize)। উল্লেখ্য শুধু মাত্র দুর্গাপুর উপজেলায় গারো অধ্যুষিত এলাকাগুলোতে ১৫০ টিরও বেশী সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। কিন্তু খৃষ্টান ছেলে মেয়েদেরকে মিশনারী স্কুলেই পড়াশুনা করতে দেখা যায়।

**উপসংহার :** গারোরা এখন সম্পূর্ণ ভাবে মিশন কেন্দ্রীক জীবন যাপনে অভ্যস্ত। নিজস্ব কৃষ্টি কালচার ভুলে গিয়ে খৃষ্ট ধর্মের প্রভাবে এবং বৈদেশিক ত্রাণ ও সাহায্য সংস্থার আকর্ষণে তারা দেশ, জাতি ও স্বকীয়তা বিসর্জন দিয়ে বৈদেশিক কৃষ্টি কালচারের অন্ধ অনুকরণে এক পৃথক জাতি সত্তার প্রতি দ্রুত ধাবমান। গারোদের এই পর নির্ভরশীলতা আত্মহননেরই নামান্তর। শিক্ষিত সমাজের গারোরা এখনও একটি জিনিষ তলিয়ে দেখছেন না যে, বৈদেশিক ত্রাণ সাহায্য, চাকুরীর নামে কি ভাবে গারোদের মেরুদন্ড গলিয়ে ফেলা হচ্ছে। এখনই দেখা যাচ্ছে মিশনারীদের সাহায্য ছাড়া গারোদের (খৃষ্টান) এক পা এগুবার শক্তি নেই।

"আপন, দেশ, জাতি ও কৃষ্টিকে শ্রদ্ধা না করে কোন জাতিই টিকে থাকতে পারে না।"—এ মহাসত্য অনুধাবনের দিন গারোদের অতি নিকটে।

www.pathagar.com

## সাঁওতাল :

দিনাজপুর জেলার বিরল, সেতাবগঞ্জ, পচাগড়, রাজশাহী জেলার চাপাই নবাবগঞ্জ, বগুড়া ও রংপুর জেলাতেও কিছু কিছু সাঁওতাল দেখা যায়। এরা পাহাড়ী জাতি। কারো কারো মতে সাঁওতালরাই ভারত বর্ষের আদি অধিবাসী। এদের আদি বাস কোথায় ছিল তার সঠিক প্রমাণ না মিললেও অনেকের ধারণা তারা পূর্ব দিক থেকে বর্তমান বাংলাদেশে এসেছে।

দৈহিক বৈশিষ্ট্য : নাক চেপ্টা, চোখ ছোট, ঠোঁট মোটা, লোম কম, চুল কোঁকড়ানো ও মোটা পেশী দৃঢ়, উচ্চতা খাট। মেয়েদের দেহ মাঝারী স্বাস্থ্যবতী। গায়ের রং কালো ও শ্যামলা। বাংলাদেশের অধিকাংশ উপজাতি মংগোলীয় শ্রেণীভূক্ত হলেও সাঁওতালরা এর ব্যতিক্রম। এরা দ্রাবিড় শ্রেণীভূক্ত বলে অনুমিত।

স্বভাব : সাঁওতালরা একটু শান্ত স্বভাবের নিরীহ, বুদ্ধিকম, গায়ে প্রচুর শক্তি থাকায় খাটতে পারে প্রচুর। পুরুষ ও মহিলারা সমান কর্মঠ। অলসতা, চৌর্যবৃত্তি, মিথ্যা কথা, ভিক্ষাবৃত্তিকে আন্তরিক ঘৃণা করে।

আচার আচরণ : এরা হাসিখুশি ও আমুদপ্রিয়। দাঙ্গা হাঙ্গামা পছন্দ করে না। কিন্তু ক্ষেপে গেলে মৃত্যুকে তুচ্ছ জ্ঞান করে। তারই প্রমাণ, ১৮৫৫ খৃষ্টাব্দের 'সাঁওতাল বিদ্রোহ'। ইংরেজ বেনিয়াদের অত্যাচারে আতিষ্ঠ হয়ে তারা মারমুখী হয়ে উঠে। কুঠিয়ালদের এদেশের মাটি থেকে চির বিতাড়িত করার জন্যে তীর, ধনুক, বল্লম, দা নিয়ে ঝাঁপিয়ে পড়ে কুঠিয়াল-দের উপর। নির্বিচারে হত্যা করে সাদা চামড়াওয়ালাদের। ইংরেজ সরকার সামরিক বাহিনী তলব করে সাঁওতালদের রুখতে। শুরু হয় হত্যাযজ্ঞ। জানা যায় এই দাঙ্গায় ১০ হাজার সাঁওতাল নারী পুরুষকে ইংরেজ শাসক-দের হাতে প্রাণ দিতে হয়েছে। অথচ আশ্চর্যের বিষয় একদিন যে জুলুম বাজ ইংরেজদের এদেশের মাটিতে নিশ্চিহ্ন করার শপথ নিয়ে সাঁওতালরা পথে নেমেছিল, রক্ত দিয়েছিল, মা-বোনের ইজ্জত হারিয়েছিল, শিশুদের মরণ ডেকে এনেছিল—আজ সেই ইংরেজরাই ধূর্ততার সাথে সেবা ও

www.pathagar.com

সাহায্যের নামে সাঁওতালদের মাঝে এগিয়ে এসেছে খৃষ্ট ধর্ম প্রচারের দূরভিসন্ধি নিয়ে।

পেশা : সাঁওতালরা কৃষিজীবী। চষাবাদই এদের প্রধান জীবিকা। পুরুষরা চাষের জমি তৈরী করে মেয়েরা তাদে বীজ বা চারা বপণ করে। ফসল তোলার কাজেও মেয়েদের ভূমিকা অগ্রণী। সাঁওতালরা সাধারণতঃ ফল-মূল ও ভূট্টার চাষ করে। বর্তমানে ধান ও আখ চাষও করে থাকে। কৃষিকাজ প্রধান পেশা হলেও অনেকে পশু পালন ও শিকার করে থাকে। আজকাল অনেকেই চাকুরী ও ব্যবসা করে থাকে, কেহ কেহ হস্তশিল্পের কাজ করে থাকে। চিত্রাঙ্কনে তারা খুবই পটু।

ঘরবাড়ি : সাঁওতালদের ঘরবাড়ি সাধারণতঃ বাঁশ ও কাঠের তৈরী। শন বা খড়ের চাউনি বিশিষ্ট ছোট ছোট ঘর বাঁধে। ঘরের উচ্চতা কম, দরজা জানালা কম। এরা মাচান ঘরে থাকে না। প্রত্যেক বাড়িতে ২/৩টি ঘর থাকে। ঘরের সংলগ্ন ছোট্টবারান্দা থাকে। প্রত্যেক বাড়িতে ছোট্ট এক-ফালি উঠান থাকে। ঘর-বাড়ি পরিস্কার পরিচ্ছন্ন। পূর্বে সাঁওতাল বাড়িতে লেট্রিন থাকতো না। এখন প্রায় সব বাড়িতে লেট্রিন ব্যবহৃত হয়।

পোষাক পরিচ্ছদ : সাঁওতালরা শুধু একফালি কাপড় দ্বারা লজ্জা স্থান ঢেকে রাখে। বর্তমানে অনেকেই ধুতি ও লুঙ্গি পরে। ছেলে মেয়েরা ৩/৪ বৎসর পর্যন্ত উলঙ্গ থাকে। মেয়েরা একফালি কাপড় দ্বারা বুক ও আর একফালি দ্বারা নাভীর নীচ থেকে হাঁটু পর্যন্ত ঢেকে রাখে। এখন অনেকে শাড়ি ব্লাউজ ব্যবহার করে। তারা মোটা ও রঙিন কাপড় পরতে ভালবাসে। রং এর মাঝে কালো ও লাল অধিক পছন্দনীয়।

অলংকার : সাঁওতাল মেয়েরা হাতে বালা পরে। বালা সাধারণতঃ লোহা, ব্রঞ্জ, রূপা বা শঙ্খের হয়ে থাকে। গলায় হার ও শঙ্খের মালা পরে। কানে দুলবা রিং, খোঁপায় ফুল গুজতে ভালবাসে। অনেক পুরুষও কানে রিং পরে থাকে। পুরুষ ও মেয়ে উভয়েই উল্কি ব্যবহার করে থাকে। পুরুষদের বাম হাতে বেজোড় সংখ্যক উল্কি চিত্রিত হয়। মেয়েদের কব্জি, বাহু, বুক, কোমর ও নাভির গোড়াতেও উল্কি চিত্রিত হতে দেখা যায়।

www.pathagar.com

খাদ্যাভ্যাস : সাঁওতালরা প্রধানতঃ ফলমূল ভোজী। বর্তমানে সবাই ভাত বা গমের আটা খায় মাংসের মধ্যে – শূকর, কাঠ বিড়ালি, গো-শাপ, ইঁদুর (বড় জাতের) ইত্যাদি প্রিয়। অনেকে মাংস শুকিয়ে খেতে ভালবাসে। কোন কোন গোত্রের সাঁওতালরা হাঁস, গো-মাংস খায় না। এরা প্রচুর শাক-সব্জি খায়। মাছ, কাঁকড়া ইত্যাদিও খেয়ে থাকে। কেউ কেউ কাছিম ও ব্যাঙাচি খায়।

'হাড়িয়া' সাঁওতালদের উত্তম ও প্রিয় পানীয়। আতপ চাউলের ভাত পচিয়ে এরা 'হাড়িয়া' নামক মাদক পানীয়টি তৈরী করে। উৎসব অনুষ্ঠানে হাড়িয়া অবশ্য পানীয়।

উৎসব অনুষ্ঠান : নবান্ন উৎসবই সাঁওতালদের শ্রেষ্ঠ উৎসব। পৌষ মাসে ফসল ঘরে তোলার আগে এই উৎসব হয়ে থাকে। সাঁওতালদের উৎসব অনুষ্ঠানে নৃত্যগীতের প্রাধান্য থাকে। নারী পুরুষ সমবেত ভাবে উৎসব অনুষ্ঠানে নৃত্যগীত করে থাকে। সেই সঙ্গে বাদ্যযন্ত্রের সুর ও তাল বাজান হয়ে থাকে। এ ছাড়া প্রায় প্রত্যেক মাসেই বিভিন্ন পূজা পার্বন উপলক্ষে উৎসব অনুষ্ঠিত হয়। বসন্তকালে 'বাহা' নামে এক উৎসব হয়। এ ছাড়া শিকার উৎসব, মৎস্য ধরা উৎসব, জন্মোৎসবও ঘটা করে থাকে।

ধর্ম : সাঁওতালরা জড় উপাসক। সূর্য তাদের প্রধান দেবতা। এছাড়া মরাংবুরো, বোঙ্গা ইত্যাদি দেব দেবীর পূজা করে থাকে। তাদের কল্যাণ দেবতার নাম 'ধরোম'। রোগ বালাই, ঝড়, বৃষ্টির জন্যেও নানা পূজা অনুষ্ঠিত হয়ে থাকে।

বর্তমানে সাঁওতালদের অধিকাংশই খৃষ্ট ধর্মাবলম্বী। কিন্তু খৃষ্ট ধর্ম গ্রহণ করে তারা যে খুব সুখী হতে পারেনি তারই প্রমাণ মিলে সাঁওতালদের একটা ছড়া গানে –

হড়মো হপন বাবু হেংফ লেকা
ডানডা হপন বাবু চৌমুখ লেখা।।
চেকতে বাং বাবুম রহড়া কান্
নিঞতেমা বাংলারে চান্দো গে
বেনাও লিদিং যিশু মাসি কিন
চিলাও কিদিঞ।।

অর্থ :—ভাই তোমার শরীরটি ছিল চকচকে পিছলে থালার মতো। কোমরটি ছিল ছিপছিপে চাবুকের মতো। শরীর এখন এমন শুকিয়ে যাচ্ছে কেন? আমার আপনা থেকে নয় বউদি। চান্দো (সূর্য দেবতা)-গড়ে তুলেছিল আমাকে; যিশু মসিহ্‌তে জুটে দুরবস্থা ঘটালো। (বিশ্ব ভারতী পত্রিকা-কার্তিক-পৌষ সংখ্যা ১৩৫৩)। এই ছড়াটি সাঁওতালদের অন্তরের দীর্ঘ-শ্বাস। তাদের নিজস্ব কৃষ্টি কালচারালকে ধ্বংস করে দিচ্ছে খৃষ্টধর্ম। তবু অনেকেই মিশনারীদের ধূর্ততার গ্রাস হয়ে সেবা, ত্রাণ ও পুনর্বাসনের বিষ-বড়ি পান করে ধীরে ধীরে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। এই খৃষ্টধর্ম সাঁওতালদের কৃষ্টি কালচারের জন্যে একটা মারাত্মক প্লো পয়জন"।

শিক্ষা : কৃষিকর্ম ও শিকার সাঁওতালদের বেশ সুখ, স্বাচ্ছন্দ ও আনন্দে দিনাতিপাত করতো। কিন্তু সভ্যতার তড়িৎ রেসে এসে তারা এখন হাপিয়ে উঠছে। মিশনারীদের প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানগুলি সাঁওতালদের সভ্য জগতে ফিরিয়ে আনার নামে যে ভাবে খৃষ্ট ধর্ম ও খৃষ্ট সংস্কৃতি চাপিয়ে দিচ্ছে তাতে সাঁওতালদের বিড়ম্বনাই বাড়ছে। তারা আগের মতো স্বাধীন জীবন যাপনে ব্যর্থ হচ্ছে। অল্প দু'একজন হয়তো বিশ্ব সভ্যতার সঙ্গে খাপ খাইয়ে নিতে পারছে। কিন্তু অধিকাংশ সাঁওতালরা এই অল্প শিক্ষা দ্বারা পারিপার্শ্বিক অবস্থার সাথে তাল মিলাতে ব্যর্থ হচ্ছে। ফলে তারা অন্তরে অন্তরে আদি সভ্যতায় ফিরে যেতে আগ্রহ বোধ করছে।

ভাষা : সাঁওতালরা সাঁওতালী ভাষাতেই কথা বলে। তবে এখন সবাই বাংলা ভাষা ব্যবহার করতে পারে। সাঁওতাল ভাষার কোন লেখ্যরূপ না থাকায় নিজস্ব ভাষায় কোন পুঁথি পুস্তক নেই। মুখে মুখে প্রচলিত বলে সাঁওতাল ভাষাতে স্থান, কাল ও অবস্থার প্রেক্ষিতে অনেক বাংলা, অসমী, গুজরাটী, তেলেগু ভাষার অনুপ্রবেশ ঘটেছে।

গোত্র : সাঁওতাল সমাজে একাধিক গোত্র বিভাগ রয়েছে। প্রধান প্রধান গোত্রগুলি হচ্ছে—(১) কিসকু (২) হাসদাক (৩) মরমু (৪) সেরেন (৫) বেসরা ৬) মারনদি (৭) ছোড়ে ইত্যাদি। এক গোত্রের সঙ্গে অন্য গোত্রের আচার অনুষ্ঠানে অনেক পার্থক্য লক্ষীত হয়।

www.pathagar.com

সমাজ ব্যবস্থা : সাঁওতালদের মাঝে পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রচলিত। ছেলেরাই সমস্ত সম্পত্তির উত্তরাধিকারী। মেয়েরা সম্পত্তিতে ভাগ পায়না। সাঁওতালদের মৃতদেহ 'দাহ' করা হয়। 'দাহ' অনুষ্ঠানে সমাজের সবাইকে উপস্থিত থাকতে হয়। ছেলে মেয়েরা পিতা মাতার কথা মেনে চলে।

বিবাহ : সাঁওতালদের স্বগোত্রে বিয়ে চলে না। পরিবারে স্বামীর প্রাধান্য থাকে। তালাক প্রথার ব্যবস্থা আছে। বিধবা ও তালাক প্রাপ্তদের পুনঃ বিয়ের ব্যবস্থা আছে। বিয়ের অনুষ্ঠান ঘটা করে করা হয়। আজকাল খৃষ্ট ধর্মের প্রভাবে ছেলে মেয়েরা নিজেরাই বর কনে পছন্দ করে বিয়ে করে ফেলে। এজন্য মুরুব্বীরা খুবই অসন্তুষ্ট।

উপসংহার : 'বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃ ক্রোড়ে'—প্রবাদটা সাঁওতালদের জন্যে খুবই প্রযোজ্য। সাঁওতালরা মূলতঃ পাহাড়ী জাতি। পাহাড়, অরণ্য তাদের অতি আপন ও চির পরিচিত ভূমি। ওখানে চাষবাস করে স্বাধীন জীবন যাপনের ভেতর দিয়ে তারা পরম আনন্দে কাল কাটাচ্ছিলো। বৃটিশ সরকার তাদের নিরবিচ্ছিন্ন সুখ জোয়ারে বাঁধ সাধলো। নানা আইন কানুনের বোঝা চাপিয়ে অত্যাচারে, শোষণে শাসনে অতিষ্ঠ করে তুললো। আইনের সে গুরু ভার সহ্য হতে না হতেই খৃষ্ট মিশনারীরা এলো ধর্মের দোহাই নিয়ে। সাঁওতাল কৃষি কালচার এক চরম চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়ালো।

পাহাড়ী কিংবা অরণ্যবাসীদের মাঝে দুর্ভিক্ষ ও মহামারী হতে শুনা যায় না। তার কারণ সম্ভবতঃ ওরা সর্বভূক দৈহিক গড়ন ওদের যে কোন প্রাকৃতিক বিপর্যয়ের মোকাবিলায় সহায়ক। ওদের মাঝে রোগ বালাই নেই বললেই চলে। সাঁওতালরাও এর ব্যতিক্রম নয়। তবু কেন সাঁওতালরা আজ জরা-ব্যাধি, দৈন্যে ভুগছে? ইংরেজ শাসন ব্যবস্থাই কি এর জন্যে দায়ী নয়? তারা নানা ফন্দি ফিকির করে সাঁওতালদের মাঝে দিয়ে গেছে দারিদ্রতার অভিশাপ। এখন আবার তারাই সাঁওতালদের দুঃখে উথলা হয়ে উঠেছে। ছুটে আসছে সেবা, চিকিৎসা, শিক্ষা, ত্রাণ সামগ্রী নিয়ে। এটা কোন্ ধরনের সেবার নমুনা?

www.pathagar.com

খৃষ্ট ধর্ম গ্রহণের ফলে সাঁওতালদের মাঝে এখন আর সেই হাসিখুশি আমুদে ভাব লক্ষীত হয় না। তাদের ভেতর দারুন ঔদাসিন্য, মনোবলের অভাব, হতাশার ভাব লক্ষ্য করা যায়। খৃষ্টানরা ওদের মাঝে কিছু কিছু শিক্ষার আলোক দিয়ে ওদের সমস্যা আরও জটিল করে দিচ্ছে। অল্প শিক্ষা ও ক্ষীণ বুদ্ধির ফলে ওরা পারছে না সভ্য জগতের সাথে তাল মিলাতে পারছে না আদি সভ্যতায় ফিরে যেতে। এই দু'ট নায় পড়ে ওদের মেরুদন্ড গুড়িয়ে যাচ্ছে। আর এই মেরুদন্ডহীনতার সুযোগে খৃষ্টান মিশনারীরা ওদের লুফে নিচ্ছে। আপন আপন সংস্থায় চাকুরীর ব্যবস্থা করে তাদের খৃষ্ট ধর্মের প্রতি শ্রদ্ধা বাড়াচ্ছে। মিশনারীদের এই ধূর্তৃতা সাঁওতাল সমাজের ঐতিহ্য ইতিহাস মুছে দিতে বদ্ধপরিকর।

www.pathagar.com

# তৃতীয় অধ্যায়

দ্বিতীয় অধ্যায়ে আমরা বাংলাদেশের সাবেক ময়মনসিংহ জেলার গারো এবং দিনাজপুর রাজশাহী জেলার সাঁওতাল আদি অধিবাসীদের এক সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরতে চেষ্টা করেছি। বর্তমান অধ্যায়ে ঐ বৃহত্তর অধিবাসী অধ্যুষিত এলাকা দু'টিতে খৃষ্টমিশনারীদের কার্য-কলাপের একটা মোটামুটি চিত্র খাড়া করতে প্রয়াশ পেলাম। পূর্বেই বলা হয়েছে যে, মিশনারীদের কার্যকলাপ অতি সতর্কতার সাথে চালিত হয়। তাদের কার্যকলাপের সঠিক তথ্য বের করা দুরূহ ব্যাপার তবু আমরা নানা সূত্র থেকে যে সব তথ্য সংগ্রহ করেছি এবং বাস্তব অভি-জ্ঞতার আলোকে যা দেখেছি তারই একটা চিত্র খাড়া করলাম। এথেকে উপজাতীয় এলাকা দু'টাতে মিশনারীদের কার্যকলাপের একটা সাধারণ হিসাব পাওয়া যাবে।

## অস্ট্রেলিয়ান ব্যাপটিষ্ট মিশন

উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে সাবেক ময়মনসিংহ জেলার বিরি-শিরিতে অস্ট্রেলিয়ান ব্যাপটিষ্ট মিশনারীরা গারো ব্যাপটিষ্ট ইউনিয়ন (জি, বি, ইউ) প্রতিষ্ঠা করে। বাংলাদেশে ব্যাপটিষ্ট মিশনারীদের এটাই সবচেয়ে বড় ঘাঁটি। এখান থেকেই ব্যাপটিষ্টরা উপজাতীয় গারো-দের মাঝে খৃষ্টধর্ম প্রচারের চেষ্টা চালায়। প্রথমেই তারা সভ্যতার আলোক বিবর্জীত গারোদের মাঝে জ্ঞানের আলো দান করার প্রতিশ্রুতি দিয়ে বিরিশিরি পি. সি, নাম মেমোরিয়াল হাই ইংলিশ স্কুল প্রতিষ্ঠা করে। তারপর মানুষের মৌলিক চাহিদা অন্ন, বস্ত্র, আশ্রয় ও চিকিৎসার প্রতি গুরুত্ব দেয়। তারা নিঃখরচায় খাদ্যদ্রব্য, পোশাক, গৃহনির্মাণ ও ঔষধ-পত্র বিতরণের মাধ্যমে স্থানীয় গরীব অশিক্ষিত জনসাধারণের মন জয় করে নেয়। দলে দলে সাধারণ মানুষ তাদের কাছে ভিড়তে থাকে। সুযোগ বুঝে মিশনারীরা তাদের খৃষ্টধর্ম মাহাত্ম বুঝাতে শুরু করে। প্রকৃতি পূজারী গারোরা খৃষ্টধর্মের বিশেষ করে পাশ্চাত্য

www.pathagar.com

সংস্কৃতির আকর্ষণে খৃষ্টধর্ম গ্রহণে মতি হয়। দলে দলে গারোরা খৃষ্টধর্মে দীক্ষিত হতে থাকে। সেই সাথে অর্থ, সেবা ও সাহায্যের লোভে হিন্দু সম্প্রদায়ের "সিডিউল কাষ্ট" শ্রেণীটিও এগিয়ে আসে।

স্বাধীনতা উত্তোর বাংলাদেশে সিলেট জেলার কিয়দাংশ এবং ময়মনসিংহ (সাবেক) জেলার বিস্তির্ণ এলাকাতে জি, বি, ইউ, তাদের কার্যকলাপ সুষ্ঠু নিয়ন্ত্রণের জন্যে ১০টি সার্কিট গঠন করে। ১০টি সার্কিট মিলে গঠিত হয় গারো ব্যাপটিষ্ট কনভেনশান (জি, বি, সি,)। সার্কিট দশটি হচ্ছে—১) সিলেট ২) চেঙ্গেনী ৩) গারাম পাড়া ৪) বিরিশিরি ৫) ধাইড় পাড়া ৬) রাংরাপাড়া ৭) কাকৈড় কান্দি ৮) বেবালা কোমা ৯) মলাজানী ও ১০) ঢাকা। জি, বি, সি,-এর মোট সদস্য সংখ্যা ১৬০০০-এর উপর। এই সদস্য সংখ্যা অন্যান্য ধর্ম থেকে খৃষ্টান ধর্মে দীক্ষিতদের অতিরিক্ত। এটা শুধু গারো ব্যাপটিষ্টদের সংখ্যা জি, বি, সি এর প্রধান কার্যালয় বিরিশিরিতে। বেতকুড়িতে হোম মিশন অবস্থিত।

১নং সরণীতে উল্লেখিত স্থান সমূহ ছাড়াও জি, বি, সি, বিভিন্ন স্থানে প্রায় ৭০টি প্রাথমিক বিদ্যালয় ও ১১২ টি চার্চ পরিচালনা করে থাকে। শিক্ষা প্রতিষ্ঠান, জনকল্যাণ মূলক প্রতিষ্ঠান, স্বনির্ভর কর্মকান্ডের যাবতীয় ব্যয়ভার জি, বি, সি, বহন করে থাকে। তারা ২০০ প্রাথমিক শিক্ষককে নিয়মিত বেতন, হাই স্কুল, সি, ইন, এড ইন্‌স্টিটিউট, বাইবেল ট্রেনিং ইনষ্টিটিউটের শিক্ষক ও কর্মচারীদের ভাতা বহন করে থাকে। তাছাড়া সি,-ইন এড এর ৪ জন, কলেজ ও ট্যাকনিকেলের ২০ জন, বিশ্ববিদ্যালয়ের ৪ জন, হাই স্কুলের ২০ জন ও প্রাইমারী স্কুলের ১৮ জন ছাত্র-ছাত্রীকে (ব্যাপটিষ্ট) ষ্টাইপেন্ড দিয়ে থাকে। বাইবেল ট্রেনিং ইনষ্টিটিউশনের প্রতিটি শিক্ষার্থীকে এমন কি বিবাহিত শিক্ষার্থীদের সপরিবারে যাবতীয় খরচ জি, বি, সি দিয়ে থাকে। মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য জি, বি, সি-র বৃত্তি ব্যবস্থা রয়েছে। উল্লেখ্য বাংলাদেশের একমাত্র বেসরকারী শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রটি বিরিশিরিতেই অবস্থিত। মিঃ মনিন্দ্র মারাক এই ইনষ্টিটিউশনের প্রিন্সিপাল। তিনি একজন গারো খৃষ্টান। প্রতি বছর ৪/৫ শত ছাত্র-ছাত্রী এখানে প্রশিক্ষণ

www.pathagar.com

নিয়ে থাকে। দেশের দ্বিতীয় বাইবেল ট্রেনিং ইনষ্টিটিউশনটিও বিরিশিরিতে অবস্থিত। মিঃ ফিলিপ খক্সী একজন গারো খৃষ্টান এই ইনষ্টিটিশানের প্রিন্সিপাল রডব্যাঙ্ক ডিসপেনসারী একটি প্রাচীন চিকিৎসা কেন্দ্র। মিস্ রেভারলী একজন অষ্ট্রেলিয়ান খৃষ্টান এই হাসতালের তত্ত্বাবধান করেন। উল্লেখ্য দেশের দ্বিতীয় উপজাতীয় কালচারাল একাডেমীর (সরকারী) পরিচালিকা মিস বিভা সাংমা একজন গারো খৃষ্টান।

স্বাধীনতার পূর্বে জি, বি, ইউ, অষ্ট্রেলিয়ান ব্যাপটিষ্ট মিশন সোসাইটি থেকে যাবতীয় আর্থিক সাহায্য পেতো। বর্তমানে জি, বি, সি, ওয়াল্ড ভিশন ও এ, বি, এম, এস-এর আর্থিক সহায়তায় তাদের কার্যকলাপ চালাচ্ছে। উল্লেখ্য জি, বি, সি ছাড়াও এ বিরিশিরতে ওয়াল্ড, ভিশনের কার্যালয় ওয়াই, এম, সি, এ, ওয়াই, ডব্লু, সি, এ, এরকম ছোট বড় অনেক সংস্থা রয়েছে।

গারো ব্যাপটিষ্ট কনভেনশান মূলতঃ চার্চ ভিত্তিক প্রতিষ্ঠান। চার্চের মাধ্যমেই তাদের কার্যকলাপ নিয়ন্ত্রিত হয়ে থাকে। খৃষ্টধর্ম প্রচারই তাদের মূল উদ্দেশ্য।

## রোমান ক্যাথলিক মিশন

২নং সরণীতে উল্লেখিত স্থান সমূহ ছাড়াও ময়মনসিংহ (সাবেক) ও সিলেট জেলার গারো অধ্যুষিত এলাকাগুলোতে প্রায় ১৩টি গ্রামে ১টি করে প্রাথমিক বিদ্যালয় ও চার্চ রয়েছে।
গ্রামগুলি হচ্ছে—

১) গাইমারা—দুর্গাপুর
২) গাজীর ভিটা—হালুয়াঘাট
৩) সুনামুখা— „
৪) পলাশতলা— „
৫) বিলাগড়া—ধোবাউড়া
৬) বেতকুড়ি—হালুয়াঘাট
৭) রাজিবপুর—ধোবাউড়া
৮) ভেন্নাকান্দা—দুর্গাপুর
৯) গাড়াউন্দা— „
১০) মহিষখলা—কলমাকান্দা
১১) কড়ইগড়া—সিলেট
১২) মাছিমপুর— „

www.pathagar.com

প্রতিটি স্কুলে ৩/৪ জন শিক্ষক শিক্ষিকা, চার্চের জন্য ১জন যাজক বা পালক রয়েছেন। প্রায় ৫০ জনের মতো ধর্ম প্রচারক রয়েছে। ছাত্র-ছাত্রীদের (ক্যাথলিক) জন্য বিনামূল্যে বই, খাতা, ইউনিফর্ম দেবার ব্যবস্থা আছে। কোন কোন স্কুলে এখনও বিনামূল্যে টিফিন ও চিকিৎসার ব্যবস্থা রয়েছে। পূর্বে সব কয়টি স্কুলেই এই ব্যবস্থা ছিল। মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা রয়েছে। গরীব ছাত্র-ছাত্রীদের জন্যে আর্থিক সাহায্য দেয়া হয়। কলেজ, বিশ্ববিদ্যালয়, কিংবা কারিগরি শিক্ষার জনে স্টাই-পেন্ডের ব্যবস্থা আছে। বিনা খরচায়, উপরোক্ত সপরিবারে যাবতীয় খরচ সহ বাইবেল শিক্ষার ব্যবস্থা আছে।

ক্যাথলিক ধর্মাবলম্বীদের সাহায্যের জন্যে কারিতাস সর্বাত্মক সহযোগিতা করছে। দুর্গাপুর উপজেলার শিবগঞ্জে কারিতাসের কার্যালয় রয়েছে। রাস্তাঘাট, পুকুর, খাল, টিউবওয়েল, ঘর-বাড়ি নির্মাণ কিংবা মেরামত ছাড়াও গরীবদের মাঝে বিনা মূল্যে খাদ্য, বস্ত্র, ঔষধ, বীজ, সার ও কীটনাশক ঔষধ এমনকি নগদ অর্থ সাহায্য করে থাকে। খামার জাতীয় প্রকল্পের জন্যে ঋণ দানের ব্যবস্থা আছে। মূলতঃ ত্রাণ ও সাহায্য সামগ্রী প্রদানের বিনিময়ে খৃষ্ট ধর্ম টিকিয়ে রাখা ও প্রসার করাই তাদের উদ্দেশ্য।

## সেভেন্থ ডে এডভানটিষ্ট মিশন

৩নং সরণীতে বর্ণিত স্থান সমূহ ছাড়াও উপজাতীয় এলাকাগুলিতে (ময়মনসিংহ ও সিলেট) সেভেথ-ডেজ-এডভানটিষ্ট মিশনের ১৫টি প্রাথমিক বিদ্যালয় ও ২০টি চার্চ রয়েছে। ইংল্যান্ড ও আমেরিকার বিভিন্ন সাহায্য সংস্থা থেকে তারা আর্থিক সাহায্য পেয়ে থাকে।

শিক্ষা প্রতিষ্ঠান ও জনকল্যাণ কর্মকান্ডগুলি স্বীয় ধর্মাবলম্বীদের মাঝেই সীমাবদ্ধ। শিক্ষার্থীদের বিনা বেতনে অধ্যয়ন, পুঁথিপুস্তকাদি, কাপড় চোপড়, খাদ্যদ্রব্য বিতরণের মাধ্যমে তাদের ধর্মকে জিইয়ে রাখা হচ্ছে। স্থানীয় লোকজনদেরকে বুঝানো হচ্ছে তাদের ধর্ম গ্রহণ করলে তারাই দীক্ষিতদের যাবতীয় ব্যয়ভার বহন করবে।

www.pathagar.com

# লুথার (প্রটেষ্টান্ট) মিশন (দিনাজপুর)

দিনাজপুর শহরের উপকণ্ঠে, সুইহারীতে লুথার (প্রটেষ্টান্ট) মিশনের সুদৃশ্য কম্পাউন্ড। প্রায় ৪২ বিঘা জমির উপর প্রতিষ্ঠিত এই মিশনের নাম 'সাঁওতাল এডুকেশন সেন্টার' চতুর্দিকে দেয়াল ও কাঁটাতারের বেড়া। সামনে নিরাপত্তা রক্ষী সদা পাহারারত। ভিতরে প্রবেশ করতে হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র লাগবে।

কম্পাউন্ডে ঢুকতেই প্রথমে সাঁওতাল এডুকেশন সেন্টারের অফিস ঘর ও স্কুল। তারপর সেলাই শিক্ষা কেন্দ্র ছাত্রাবাস, কর্মকর্তা কর্মচারীদের কোয়াটার, বিদেশী দম্পতির বাংলো। এই নিয়ে মুটামোটি সাঁওতাল এডুকেশন সেন্টার।

মিশনারীরা জায়গাটা কেনার সময় স্থানীয় জনগণ বাধা দেয়। এ নিয়ে প্রচুর দাংগা হাংগামা হয়। মিশনারীদের পক্ষে সাঁওতাল উপজাতীয়রা দাংগায় অংশ নেয়। শেষ পর্যন্ত অদৃশ্য ও বৃহত্তর শক্তির হস্তক্ষেপের ফলে জায়গাটা মিশনারীরা দখল করে নেয়।

সাঁওতাল এডুকেশন সেন্টারে যে সব কর্মকর্তা কর্মচারী রয়েছে তারা প্রায় সবাই বাঙ্গালী খৃষ্টান। একটা আমেরিকান দম্পতি এই মিশনের তত্ত্বাবধায়ক। মি. নির্মল সেন একজন বাঙ্গালী খৃষ্টান—এই মিশনের সুপারিনটেনডেন্ট। তিনি সমস্ত কাজ কর্ম দেখাশুনা করেন। দুইজন মহিলা সহ তিন জন বাঙ্গালী খৃষ্টান শিক্ষক বিদ্যালয়ে শিক্ষা দেন। তাছাড়া ১জন সংগীত শিক্ষক, ১জন সেলাই শিক্ষক রয়েছে। মি. সূর্য বাবু একজন দীক্ষিত খৃষ্টান ধর্ম প্রচারের কাজে নিয়োজিত।

ধর্ম প্রচারের জন্য তারা প্রধানতঃ সাঁওতাল এলাকাগুলোই বেছে নিয়েছে। দিনাজপুরের বহু সাঁওতাল তারা খৃষ্ট ধর্মে দীক্ষিত করেছে। বিভিন্ন ত্রাণ সামগ্রী, সেবা ও চিকিৎসা দ্বারা তারা সাঁওতালদেরকে ধর্মান্তরিত করতে সক্ষম হয়। সরণী ৪-এ বর্ণিত স্থান সমূহ ছাড়াও বিভিন্ন

www.pathagar.com

পল্লীতে প্রায় ২৫টির মতো স্কুল রয়েছে। ঐসব স্কুলে প্রায় ১০০ জন শিক্ষক-শিক্ষিকা চাকুরীরত রয়েছে। গড়ে প্রতিটি স্কুলে ৭০ জন ছাত্র-ছাত্রী আছে। এই সব স্কুলে বাইবেল শিক্ষা অবশ্য পাঠ্য।

সাঁওতাল এলাকাগুলিতে তাদের ৩০টির মতো উপাসনালয় আছে। প্রায় ৮০জন প্রচারক এইসব উপাসনালয়ের অধীনে প্রচারকার্যে নিয়োজিত। তাছাড়া বহু পল্লীতে তাদের দাতব্য চিকিৎসালয় রয়েছে। ঐসব চিকিৎসালয়ে বিনা পয়সায় চিকিৎসা, ঔষধ-পত্র এমনকি পথ্য পর্যন্ত দেয়া হয়ে থাকে। অনেক সময় নগদ অর্থ সাহায্য, খাদ্য সামগ্রী, পোষাক, ঘর-বাড়ি পর্যন্ত তৈরী করে দেয়া হয়। এই উদার দান খয়রাত স্থানীয় জনমনে দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি করছে। "সাত সমুদ্র তের নদীর ওপার থেকে এসে যদি মিশনারীরা অর্থের জোরে মানুষের মাথা কিনে নিতে পারে আমরা দেশবাসী মুসলমানরা কি করবো ?"

## রোমান ক্যাথলিক মিশন

দিনাজপুর জেলায় যে সব খৃষ্ট ধর্ম প্রচারক রয়েছে রোমান ক্যাথলিকদের সংখ্যাই তাদের মধ্যে বেশী। দিনাজপুর শহরের গনেশ তলায় প্রায় ৪০ বিঘা জমির উপর এদের মিশন কম্পাউন্ড। একজন বিদেশী সাহেব এই মিশনের তত্ত্বাবধায়ক। প্রায়ই বিদেশ থেকে সাহেবরা এসে এদের প্রচার কার্য নিরিখ করে নব নব কর্মসূচী দিয়ে যায়।

ধর্ম প্রচারই রোমান ক্যাথলিকদের প্রধান কাজ। সেই সঙ্গে জনগণের হৃদয় জয়ের পরিকল্পনা স্বরূপ ত্রাণ ও পুনর্বাসনের কাজ পূর্ণোদ্যমে চালিয়ে যাচ্ছে। শিক্ষা ব্যবস্থাকে উন্নত পর্যায়ে আনার ছলে বেশ কয়েকটি উচ্চ বিদ্যালয় স্থাপন করেছে। দিনাজপুর শহরে এদের একটি উচ্চ বিদ্যালয়ের মুসলমান ছাত্রের সংখ্যা ২০০ এর উপর। এরা শুধু সাঁওতাল ও তপসিলীদের মধ্যে ধর্ম প্রচার করে ক্ষান্ত নয়। মুসলমানদের মাঝেও খৃষ্ট ধর্মের মন্ত্রণা ঢুকিয়ে দিতে তৎপর। নগদ অর্থ সাহায্য, চাকুরী, চিকিৎসা, পুথিপুস্তক, অন্ন, বস্ত্র, ঘর-বাড়ি তৈরী করে দিয়ে তারা সাঁওতালদের তো দীক্ষিত করছেই মুসলমানদের প্রিয় পাত্র হয়ে উঠছে।

www.pathagar.com

দিনাজপুরে যে সব সরকারী হাসপাতাল রয়েছে তাতে সমস্যার অন্ত নেই। ডাক্তার নেই, ঔষধ নেই, শয্যা নেই। প্রইভেট ডাক্তার দেখালেও ডাক্তারের ফি ও ঔষধ কিনতেই রোগীর নাভীশ্বাস উঠে। মিশনারীরা এই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করছে। তারা বিনা পয়সায় রোগী দেখা ছাড়াও মারাত্মক রোগীকে দূরদূরান্ত হতে নিজ ব্যয়ে বয়ে নিয়ে আসে। বিনা পয়সায় চিকিৎসা, ঔষধ-পত্র এমনকি পথ্য পর্যন্ত দিয়ে সাহায্য করে থাকে। অনেককে নগদ অর্থ পর্যন্ত দিয়ে থাকে। এসবের নেপথ্যে একটা অস্পষ্ট কিন্তু জোড়ালো আহবান থাকে "যীষুর দয়ায় তোমার রোগ মুক্তি হলো। অতএব, ভগবান যীশুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করো"। এই ডাকে অনেকেই স্বতঃস্ফূর্ত সাড়া দিচ্ছে। ধানজুড়ি কুষ্ঠ হাসপাতালের জনৈক রোগী–ভিক্ষা বৃত্তিই ছিল তার পেশা। কুষ্ঠ রোগে আক্রান্ত হয়ে সে সমাজে বেরুতে পারছিলো না। চিকিৎসার পয়সা কোথায় ? জনৈক খৃষ্টান পালক তাকে দেখে হাসপাতালে নিয়ে যায় তার চিকিৎসা, থাকা, খাওয়া এমনকি পুষ্যদের জন্য খরচ পত্র দিয়ে সাহায্য করছে। এখন সে অনেকটা সুস্থ। তার ভাষ্য "যাদের দয়ায় আমার জীবন রক্ষা হলো পরিবার বাঁচলো তাদের শ্রদ্ধা করবো না তো কাকে শ্রদ্ধা করবো।" এমনি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা দেখাতে গিয়ে কতো জন যে খৃষ্ট ধর্ম গ্রহণ করেছে তার হিসাব কে রাখছে ?

সরণী ৫-এ উল্লেখিত স্থানসমূহ ছাড়াও দিনাজপুরের প্রত্যন্ত অঞ্চলে বিশেষ করে সাঁওতাল অধ্যুষিত এলাকাতে ওদের প্রায় ৩২টি স্কুল ও উপাসনালয় আছে। প্রায় ২০০ ধর্ম প্রচারক প্রচার কার্যে নিয়োজিত। উল্লেখ্য, রোমান ক্যাথলিক ফাদাররা বিয়ে করতে পারে না এবং সিস্টারদেরও বিয়ে হয় না। এ কঠিন নিয়ম পালন করতে গিয়ে প্রায়ই নানা অপ্রীতি-কর ঘটনা ঘটে থাকে। হয় ফাদার নয়তো ফাদার ও দীক্ষিতা মেয়ে কিংবা সিস্টার ও দীক্ষিত যুবকদের মাঝে এ ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটতে শুনা যায়।

## অস্ট্রেলিয়ান ব্যাপটিষ্ট মিশন

দিনাজপুর জেলায় ব্যাপটিষ্ট মিশনের সেড বডী পরিচালিত ৯টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। মিশন রোডেই তাদের প্রধান কার্যালয়।

www.pathagar.com

সেভ বডী ঐ সব স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের বেতন ভাতাদি দিয়ে থাকে। ঐসব স্কুলের পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যদান পদ্ধতি তারাই নিয়ন্ত্রণ করে থাকে সেখানে বাইবেল শিক্ষাই প্রধান উদ্দেশ্য। ধর্ম প্রচারের জন্য প্রায় ৭০ জন প্রচারক রয়েছে। বিভিন্ন স্থানে প্রায় ২০টি চার্চ বর্তমান।

শিক্ষা ছাড়া কয়েকটি চিকিৎসালয় থেকে বিনা মূল্যে ঔষধ ও চিকিৎসা করা হয়ে থাকে। এছাড়া খাদ্যদ্রব্য, পোষাক, ঘরবাড়ি তৈরী ও মেরামতের কাজেও অংশ নিয়ে থাকে। তবে লুথার ও ক্যাথলিকদের তুলনায় এদের কর্মকান্ড সীমিত। দৌলতপুরের ২টি ব্যাপটিষ্ট মন্ডলীর প্রায় ৪০০ ব্যাপটিষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত। তারা পর্যন্ত ত্রাণ সামগ্রী না পাওয়ায় মিশনের উপর দারুণ অসন্তুষ্ট। জনৈক কামেশ্বর বর্মণ জানায় তাদের ত্রাণ তৎপরতা আরও না বাড়লে উক্ত মন্ডলীর বহু লোক হয় লুথার নয়তো সেভেন্স ভেজ এডভানটিষ্ট ধর্মে চলে যেতে পারে।

www.pathagar.com

# গারো ব্যাপটিষ্ট কনভেনশন

সরণী—১

প্রধান কার্যালয়ঃ বিরিশিরি, নেত্রকোনা

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিরিশিরি (দুর্গাপুর) | ১। উচ্চ বালক বিদ্যালয়—১<br>২। উচ্চ বালিকা বিদ্যালয়—১<br>৩। সি—ইন—এড কলেজ—১<br>৪। বাইবেল ট্রেনিং ইনষ্টিটিউশান—১<br>৫। প্রাথঃ বিদ্যালয় বালক—১<br>৬। প্রাথঃ বিদ্যালয় বালিকা—১<br>৭। কিন্ডার গার্টেন—১ | চার্চ—১ | হাসপাতাল—১ | ১। কৃষি খামার—১<br>২। মৎস্য খামার—১<br>৩। হর্টিকালচার<br>৪। কোপারেটিভ ষ্টোর<br>৫। তাঁত শিল্প কেন্দ্র<br>৬। সেলাই শিক্ষা কেন্দ্র<br>৭। কার্পেনট্রি<br>৮। পোলাট্রি<br>৯। ছাপাখানা<br>১০। ওয়ার্কশপ |
| বেতকুড়ি (হালুয়াঘাট) | ১। উচ্চ বিদ্যালয় ১<br>২। প্রাথমিক বিদ্যালয়—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | কৃষি খামার<br>মৎস্য খামার<br>সেলাই কেন্দ্র |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/ প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। বয়েজ হোস্টেল<br>২। গার্লস হোস্টেল<br>৩। সি, ইন-এড হোস্টেল<br>৪। বি, টি, আই হোস্টেল<br>৫। টিচার্স হোস্টেল<br>৬। জি, বি, সি কার্যালয়<br>৭। রেষ্ট হাউজ<br>৮। শিক্ষা বোর্ড কার্যালয়<br>৯। ওয়াল্ড ভিশন কার্যালয়<br>১০। ওয়াই, এম, সি, এ<br>১১। ওয়াই, ডব্লু, উ, এম, সি, এ<br>১২। সেমিনার হল<br>১৩। ট্রাইবালস্ হোস্টেল | ১। বয়েজ—২০<br>২। গার্লস—১৭<br>৩। সি, ইন, এড—৫<br>৪। বি, টি, আই—৫<br>৫। প্রাথঃ বালক—৮<br>৬। প্রাথঃ বালিকা—৭<br>৭। কে, জি—৫ | ১। বয়েজ—৫০০<br>২। গার্লস—৩৫০<br>৩। সি,ইন,এড—৩০০<br>৪। বি,টি,আই—৭০<br>৫। প্রাঃ বালক—৩০০<br>৬। প্রাঃ বালিকা-২০০<br>৭। কে, জি—১০০ | ১। ডাক্তার—২<br>২। নার্স—৬<br>৩। প্যাথলজিষ্ট—১<br>৪। কম্পাউন্ডার—১<br>৫। মিশন তত্বাবধায়ক —১<br>কর্মকর্তা – ২০<br>কর্মচারী– ১৫০ | ১ জন<br>প্রচারক—২০ |
| ছাত্রাবাস<br>ছাত্রী নিবাস | উচ্চ—১২, প্রাথ—৮ | উচ্চ—৩০০, প্রাথ—২০০ | ১০ জন | ৩ জন |

www.pathagar.com

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| [illegible]পাড়া (হালুয়াঘাট) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | | |
| নলচা[illegible]ড়া (দুর্গাপুর) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | | কৃষি ও মৎস্য খামার |
| জয়রামকুড়া (হালুয়াঘাট) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | হাসপাতাল —১ | কৃষি খামার<br>মৎস্য খামার<br>হর্টিকালচার<br>পোলাট্রি<br>কার্পেনট্রি<br>সেলাই ও তাঁত শিল্প |
| কড়ইগড়া (সিলেট) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| ধাইরপাড়া (ধোবাউড়া) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসালয় —১ | কৃষি, মৎস্য খামার<br>সেলাই কেন্দ্র |
| বেবালাখালি | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | | কৃষি ও মৎস্য খামার |
| চেঙ্গেনী (কলমাকান্দা) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| গারামপাড়া (হালুয়াঘাট) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| বোটিয়া | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | | কৃষি ও মৎস্য খামার |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | উচ্চ—১১, প্রাথ—৬ | উচ্চ—২৫০, প্রাথ—২০০ | ৪ জন | ১ জন |
| ছাত্র ও ছাত্রী নিবাস | উচ্চ—১১, প্রাথ—৮ | উচ্চ—২০০, প্রাথ—২০০ | ৫ জন | ১ জন |
| ১। বয়েজ হোষ্টেল<br>২। গার্ল'স হোষ্টেল<br>৩। রেষ্ট হাউজ | উচ্চ—১৩, প্রাথ—৮ | উচ্চ—২৫০, প্রাথ—২০০ | হাসপাতাল ষ্টাফ—২৪<br>অন্যান্য—২০ | ৪ জন |
| | প্রাথ—৫ | প্রাথ—১৫০ | ২ জন | ১ জন |
| ছাত্র/ছাত্রী নিবাস | উচ্চ—১১, প্রাথ ৭ | উচ্চ—২০০, প্রাথ—১৫০ | ৭ জন | ১ জন |
| ছাত্র ও ছাত্রী নিবাস | উচ্চ—১০, প্রাথ—৫ | উচ্চ—১৫০, প্রাথ—১০০ | ২ জন | ১ জন |
| | প্রাথ - ৭ | প্রাথ—১৫০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৫ | প্রাথ—১২০ | ১ জন | ১ জন |
| ছাত্র ও ছাত্রী নিবাস | উচ্চ—১১, প্রাথ—৮ | উচ্চ—২৫০, প্রাথ—২৫০ | ৩ জন | ১ জন |
| | প্রাথ—৫ | প্রাথ—১২০ | ১ জন | ১ জন |

www.pathagar.com

## রোমান ক্যাথলিক মিশন

প্রধান কার্যালয়ঃ মোহাম্মদপুর, ঢাকা

সরণী—২

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বানন্দের কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| রানিখং (দুর্গাপুর) | উচ্চ বিদ্যালয়—১, প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসালয়—১ | কৃষি মৎস্য খামার<br>হর্টিকালচার<br>পোলট্রী, কার্পেন্ট্রী, তাঁত<br>সেলাই ও হস্তশিল্প |
| সাউথ বিরিশিরি (দুর্গাপুর) | প্রাথ—১ | চার্চ-১ | | কৃষি খামার |
| সন্ন্যাসীপাড়া (দুর্গাপুর) | প্রাথ—১ | | | |
| মাধবপুর (দুর্গাপুর) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| আড়াপাড়া (দুর্গাপুর) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| ভালুকাপাড়া (ধোবাউড়া) | প্রাথ—১, উচ্চ—১ | চার্চ-১ | চিকিৎসালয়—১ | মৎস্য, কৃষি খামার<br>হার্টিক্যালচার<br>সেলাই ও হস্তশিল্প |
| মুনসীপাড়া (ধোবাউড়া) | জুনিয়ার—১, প্রাথ—১ | চার্চ-১ | | কৃষি, মৎস্য খামার |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/ প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কনভেন্ট, বয়েজ ও গার্লস হোস্টেল, স্টাফ কোয়ার্টার রেস্টহাউস | উচ্চ—১১, প্রাথ—৭ | উচ্চ—২৫০, প্রাথ—২০০ | কর্মকর্তা—৫ জন<br>কর্মচারী—১২ জন | পালক—১<br>সিস্টার—৪<br>প্রচারক—৭ |
| লোডস হোস্টেল | প্রাথ—৬<br>প্রাথ—৪<br>প্রাথ—৫<br>প্রাথ—৫ | প্রাথ—১৫০<br>প্রাথ—১০০<br>প্রাথ—১৩০<br>প্রাথ—১৫০ | ২ জন | ২ জন<br>১ জন<br>১ জন |
| হোস্টেল—১ | প্রাথ—৫, উচ্চ—১০ | প্রাথ—১২০ উচ্চ—২০০ | ৭ জন | ৫ জন |
| ছাত্রাবাস—১ | জুনি—৭, প্রাথ—৫ | জুনি-৮০, প্রাথ—১৫০ | ১ জন | জন |

www.pathagar.com

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ধাইড় পাড়া (ধোবাউড়া) | জুনি—১, প্রাথ—১ | চার্চ—১ | | কৃষি, মৎস্য খামার, হস্তশিল্প |
| বিরই ডাকুনী (হালুয়াঘাট) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | কৃষি, মৎস্য, হস্তশিল্প |
| বালুচড়া (কলমাকান্দা) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | কৃষি, মৎস্য খামার, তাঁত ও হস্তশিল্প |
| মুগাইপাড়া (সিলেট) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | কৃষি, মৎস্য খামার হস্তশিল্প, তাঁত সেলাই শিক্ষা, পোলট্রী হার্টিক্যালচার |
| নলচাপড়া (দুর্গাপুর) | জুনি—১, প্রাথ—১ | চার্চ—১ | | কৃষি ও মৎস্য খামার |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ছাত্রাবাস—১ | জুনি—৮, প্রাথ—৬ | জুনি—১০০, প্রাথ—১৩০ | ৫ জন | ২ জন |
| ছাত্রাবাস—১<br>ছাত্রী নিবাস—১ | উচ্চ—১১, প্রাথ—৬ | উচ্চ—১৫০, প্রাথ—১৩০ | ৪ জন | ২ জন |
| ছাত্রাবাস—১<br>ছাত্রী নিবাস—১<br>কনভেন্ট—১ | উচ্চ—১২, প্রাথ—৮ | উচ্চ—২০০, প্রাথ—১৫০ | ৮ জন | ৫ জন |
| ছাত্রাবাস—১<br>ছাত্রী নিবাস—১<br>কনভেন্ট—১ | উচ্চ—১৩, প্রাথ—৫ | উচ্চ—২৫০, প্রাথ—২০০ | ১০ জন | ৬ জন |
| | জুনি—৮, প্রাথ—৬ | জুনি-১২০, প্রাথ-১৭০ | ২ জন | ১ জন |

www.pathagar.com

## সেভেন্স-ডে-এডভানটিষ্ট
প্রধান কার্যালয় : মীরপুর, ঢাকা

**সরণী—৩**

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মনুসাপাড়া দুর্গাপুর) | উচ্চ—১, প্রাথ—১ | চাচ -১ | চিকিৎসালয়—১ | কৃষি, মৎস্য খামার তাঁত, সেলাই ও হস্তশিল্প হার্টিক্যালচার। |
| খুজিডড়া (দুর্গাপুর | প্রাথ—১ | চার্চ—১ | | |
| জগন্নাথপুর দুর্গাপুর) | প্রাথ—১ | চার্চ—১ | | |
| বামনাথপুর (দুর্গাপুর | প্রাথ—১ | চচ -১ | | |
| মাতিমপুর (সিলেট) | প্রাথ ১ | চার্চ—১ | | |
| গাজীর ভিটা (ধোবাউড়া) | প্রাথ- ১ | চাচ —১ | | |
| পলাশতলা (হালুয়াঘাট | প্রাথ—১ | চার্চ—১ | | |
| আকনপাড়া (হালুয়াঘাট) | প্রাথ- ১ | চার্চ—১ | | |
| বেতকড়ি (হালুয়াঘাট) | প্রাথ—১ | চার্চ—১ | | |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কনভেন্ট, বয়েজ ও লেডিজ হোস্টেল | উচ্চ—১৩<br>প্রাথ—৮ | উচ্চ-২৫৩<br>প্রাথ—২০০ | ১৪ জন | ১০ জন |
| | প্রাথ—২ | প্রাথ—৮০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—১০০ | | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৮০ | | ১ জন |
| | প্রাথ—৪ | প্রাথ—১০০ | | ১ জন |
| | প্রাথ—২ | প্রাথ—৭০ | | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৮০ | | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৭০ | | ১ জন |
| | প্রাথ—২ | প্রাথ—৬০ | | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৭০ | | ১ জন |

www.pathagar.com

## লুথার (প্রটেষ্টেন্ট) মিশন

সরণী—৪

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সুইহারী (দিনাজপুর) | প্রাথ ১<br>সংগীত শিক্ষা<br>সেলাই শিক্ষা | চার্চ-১ | চিকিৎসা কেন্দ্র | সেলাই কেন্দ্র, হস্তশিল্প কৃষি খামার |
| বালুবাড়ি | প্রাথ-১ | চার্চ-১ | | |
| কাহারুল | প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসা-কেন্দ্র | |
| ফুলবাড়ি | প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসা-কেন্দ্র | |
| পুলহাট | প্রাথ—১ | চার্চ-১ | | |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কনভেন্ট, হোস্টেল রেষ্ট হাউজ, সাঁওতাল এডুকেশান সেন্টার | প্রাথ—৩<br>সংগীত—১<br>সেলাই—১ | প্রাথ—৭০<br>সংগীত—২০<br>সেলাই=১৬ | কর্মকর্তা—১<br>কর্মচারী—১০<br>(বিদেশী—৫) | পালক—১<br>যাজক—১<br>সিষ্টার—৩ |
| | প্রাথ—৪ | প্রাথ—১০০ | ১ জন | ২ জন |
| | প্রাথ—৫ | প্রাথ—১৫০ | ২ জন | ২ জন |
| | প্রাথ—২ | প্রাথ—১০০ | ২ জন | ২ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৭০ | ১ জন | ২ জন |

www.pathagar.com

## অস্ট্রেলিয়ান ব্যাপটিষ্ট মিশন

সরণী—৫

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মিশন রোড দিনাজপুর) | প্রথ—১ | চার্চ—১ | | হস্তশিল্প, সেলাই শিল্প, খামার |
| রুহিয়ার (ঠাকুরগাঁ | প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | |
| বনডাঙ্গা পীরগঞ্জ) | প্রাথ—১ | চার্চ—১ | | |
| চাউলিয়া | প্রাথ—১ | চার্চ—১ | | |
| জগন্নাথপুর | প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | |
| লক্ষীপুর | প্রাথ—১ | চার্চ—১ | | |
| রায়পুর | প্রাথ—১ | চার্চ—১ | | |
| ভোমরাদহ | প্রাথ—১ | চার্চ—১ | চিকিৎসালয়—১ | |
| দৌলতপুর | প্রাথ -১ | চার্চ—১ | | |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ছাত্রাবাস, কনভেন্ট সেভবডী কার্যালয় | প্রাথ—৫ | প্রাথ - ১৪০ | ৮ জন | ৪ জন |
| | প্রাথ—৪ | প্রাথ—১০০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—১০০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৪ | প্রাথ—১২০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৪ | প্রাথ—১৫০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—১০০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—৩ | প্রাথ—৯০ | | ১ জন |
| | প্রাথ—৪ | প্রাথ—১৪০ | ১ জন | ১ জন |
| | প্রাথ—২ | প্রাথ—৬০ | | ১ জন |

www.pathagar.com

## রোমান ক্যাথলিক মিশন

সরণী—৬

প্রধান কার্যালয় : মোহাম্মদপুর, ঢাকা

| মিশনের অবস্থান | শিক্ষা প্রতিষ্ঠান | উপাসনালয় | সেবামূলক প্রতিষ্ঠান | স্বনির্ভর কর্মকান্ড |
|---|---|---|---|---|
| ১ | | ৩ | ৪ | ৫ |
| গনেশতলা (দিনাজপুর) | প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসা—কেন্দ্র—১ | হস্তশিল্প, কারিগরী শিল্প কৃষি খামার, মৎস্য খামার |
| কসবা (দিনাজপুর) | উচ্চ—১, প্রাথ—১ | চার্চ-১ | চিকিৎসা—কেন্দ্র—১ | |
| মিশন রোড (দিনাজপুর) | প্রাথ—১ | চার্চ-১ | | |
| কলেজ রোড (দিনাজপুর) | | | কুষ্ঠ চিকিৎসা কেন্দ্র | |
| ধানজুড়ি (নবাবগঞ্জ) | প্রাথ—১ | চার্চ-১ | কুষ্ঠ হাসপাতাল | হস্তশিল্প, খামার |

www.pathagar.com

| অন্যান্য প্রতিষ্ঠান | শিক্ষক/শিক্ষিকা | ছাত্র/ছাত্রী | কর্মকর্তা/কর্মচারী | পালক/প্রচারক |
| --- | --- | --- | --- | --- |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কনভেন্ট<br>হোস্টেল<br>রেস্টহাউস | প্রাথ—৪ | প্রাথ—১০০ | কর্মকর্তা—৪<br>কর্মচারী—২০ | যাজক—১<br>পালক—১<br>সিস্টার—৭<br>প্রচারক—১০ |
| হোস্টেল—২ | উচ্চ—১৪, প্রাথ—৫ | উচ্চ—৪০০<br>প্রাথ—১০০ | ২ জন | |
| | | প্রাথ—১২০ | | ৩ জন |
| | | | ৫ জন | |
| হোস্টেল কনভেন্ট | প্রাথ—৭ | প্রাথ—২০০ | কর্মকর্তা—১০<br>কর্মচারী—৪০ | ৩ জন |

www.pathagar.com